নভেম্বর ২০২১ □ ২০ টাকা □ ৬৮ পাতা □ ১

কর্মক্ষেত্র-র পরিপূরক পত্রিকা

পেশাপ্রবেশ

চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী

চার কেন্দ্রীয় বাহিনীতে

২৫২৭১ কনস্টেবল রাইফেলম্যান

নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

ডব্লু বি সি এস মেন

পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

আবগারি দপ্তরে কনস্টেবল

নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

কলকাতা পুলিশে

সাব-ইনস্পেক্টর ও সার্জেন্ট

নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

বাংলা ব্যাকরণ • ইংরেজি শিক্ষার আসর • অর্থনীতির হালচাল • ভারতের ভূগোল

*
বহু ছেলেমেয়ে 'কর্মক্ষেত্র' পড়ে
নিজের পায়ে দাঁড়িয়েছে।
অন্তত চারটি ছেলে ও দুটি মেয়ের
কথা আমার এই মুহূর্তে মনে পড়ছে।
যারা 'কর্মক্ষেত্র'-র সহায়তায়
কাজ পেয়েছিল। ওদেরকে আমিই
'কর্মক্ষেত্র'-র গ্রাহক করে দিয়েছিলাম।
'কর্মক্ষেত্র' প্রথম থেকেই ছোটখাটো
ব্যবসার এক আশ্চর্য নির্দেশিকা দিয়ে
আসছেন, যা অনুসরণ করলে যুবাপ্রজন্ম
বাঁচবার ও বাঁচাবার পথের সন্ধান পাবে।
টুথপেস্ট বানাবেন, না হাওয়াই চপ্পলের
ফিতে? মেশিনে পোট্যাটো চিপস বানিয়ে
বেচবেন, না ভিনিগার তৈরি করবেন?
'কর্মক্ষেত্র' এত বছরে, এরকম অন্তত
এক হাজার অল্প পুঁজির ব্যবসার হদিশ
দিয়েছে। ওই সব ব্যবসায় নেমে
কয়েক হাজার মানুষই স্বাবলম্বী হয়েছেন।
মৃত্যু যখন দরজায় ঘা দিচ্ছে, তেমন
সময়ে যে ঔষধ বাঁচাতে পারে, তাকে
আমাদের মুনিঋষিরা নাম দিয়েছেন
বিশল্যকরণী। আমি তো 'কর্মক্ষেত্র'কে
বলব বিশল্যকরণী।
'কর্মক্ষেত্র' যেভাবে স্বল্প পুঁজিতে ব্যবসা
করার পরিকল্পনা জোগায়, তাতে তো
সাধারণ ঘরের ছেলেমেয়েরা যেন
নতুন জীবনের রসদ পায়।
'কর্মক্ষেত্র' বলছে, পরিশ্রম করো
সততার সঙ্গে, শ্রমকে ভয় পেও না,
স্বীয় কর্মগুণে ভাগ্যকে জয় করো।
আজ দেশের তরুণ প্রজন্মকে এই কথা
বলার মহান দায়িত্ব 'কর্মক্ষেত্র' গ্রহণ করেছেন,
আমি অন্তর থেকে যেন সাড়া পাচ্ছি।
মহাশ্বেতা দেবী
৩ জুলাই, ২০০৫
মহাশ্বেতা দেবী: জ্ঞানপীঠ, ম্যাগসেসে, আকাদেমি প্রভৃতি জাতীয় ও আন্তর্জাতিক বহু পুরস্কারে ভূষিতা লেখিকা।
কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

*

সপ্তদশ বর্ষ একাদশ সংখ্যা নভেম্বর ২০২১ অগ্রহায়ণ ১৪২৮

সূ চি প ত্র

প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী
সম্পাদক: মহাশ্বেতা সমাজদার

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক, নবমুদ্রণ প্রাঃ লিঃ, ব্লক-সিপি, প্লট নম্বর-৪, সেক্টর ফাইভ, সল্টলেক সিটি, কলকাতা-৭০০ ০৯১ থেকে মুদ্রিত ও ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯ থেকে প্রকাশিত।

দাম ২০ টাকা

PESHAPROBESH
A Monthly on Career and Competition

29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Telephone: 2283 2320, 2290 0008
Fax: 2287 6448
E-mail: swarnakshar.prakasani@gmail.com
Website: www.swarnakshar.in

*

সম্পাদকীয়

বাংলাদেশ জুড়ে মিছিলে, জমায়েতে, অরাজনৈতিক সভায় সহস্র কণ্ঠে স্লোগান শোনা যাচ্ছে : 'যার ধর্ম তার কাছে, রাষ্ট্রের কী বলার আছে', কিংবা 'রাষ্ট্রের কোনও ধর্ম নাই, রাষ্ট্রধর্ম বাতিল চাই'। এ এক উলটপুরাণ! স্লোগান কারা তুলছেন? সে দেশের ধর্মীয় সংখ্যাগুরুরাই। কারণ তাঁরা জানেন এ উপমহাদেশের মানুষ ধর্মীয় হানাহানিতে ঘরবাড়ি ও পারস্পরিক সম্পর্ক, দুই-ই এক কালে হারিয়েছেন। তাতে কারওই লাভ হয়নি। জীবন ও সভ্যতার অগ্রগতি থমকে গিয়েছে। তাঁরা, বাংলার প্রবাদবাক্যে যাকে বলে ঘরপোড়া গরু। সিঁদুরে মেঘ দেখামাত্র সতর্ক হয়েছেন। নাগরিক সমাজের গভীরে এই শুভ বোধ আমাদের মনে আশার সঞ্চার করে বইকি!

এই শুভ বোধের সুদূরপ্রসারী প্রভাব রয়েছে। স্বাধীন বাংলাদেশে কট্টর সাম্প্রদায়িক রাজাকারদের যে-বিলীয়মান প্রজন্ম এখনও মাঝেমধ্যে সুযোগ পেলেই মাথাচাড়া দিয়ে ওঠে, মুক্তচিন্তার সংস্কারহীন মানুষদের ধর্মের নামে হত্যা পর্যন্ত করে, ধর্মকে আশ্রয় করে হানাহানিতে উসকানি দিয়ে চরিতার্থ হয়, সামাজিক অস্থিরতা তৈরিই যাদের মূল লক্ষ্য, তারা এই লক্ষ কণ্ঠের বজ্রনিনাদের সামনে নিজেদের তুচ্ছতাকে উপলব্ধি করে। রাষ্ট্রের পরিচালনার রশি যাঁদের হাতে, তাঁদেরও ইচ্ছায় হোক বা অনিচ্ছায়, জনদাবিকে স্বীকৃতি না দিয়ে উপায় থাকে না। বর্তমান বাংলাদেশের সরকারি মুখপাত্ররাও জনে জনে বিবৃতি দিয়ে ইতিমধ্যেই ঘোষণা করেছেন, অবিলম্বে সংসদে প্রস্তাব এনে রাষ্ট্র থেকে ধর্মকে আলাদা করা হবে।

কোনও বিশেষ ধর্মে বিশ্বাস, কিংবা কোনও ধর্মাচরণেই বিশ্বাস না করা— এ দুই-ই ব্যক্তিগত বোধ ও অনুভূতি। ইসলামি রাষ্ট্র বা হিন্দু রাষ্ট্র বা খ্রিস্টান রাষ্ট্রের মধ্যযুগীয় তকমায় বাঁধা পড়লে গণতন্ত্রে আস্থাশীল মানব সমাজের বহুত্বকেই অস্বীকার করা হয়। নাগরিক শুভ বোধের এই জয় আধুনিক বাংলাদেশের জয়। সে দেশের সংখ্যাগুরু ধর্মপ্রচারকরাও যেভাবে ব্যক্তিগত ধর্মাচরণের অধিকার রক্ষার দাবিতে সরব হয়েছেন, তার মধ্যেও সামাজিক প্রগতির ছাপ স্পষ্ট।

পৃথিবীর কোনও ধর্মই মানুষে-মানুষে হানাহানিকে অনুমোদন করেনি। তবু যে এত অকারণ রক্তক্ষয়, তার পিছনে কখনও স্বার্থান্বেষী গোষ্ঠী, কখনও খোদ রাষ্ট্র পরিচালনাকারী সরকারের গভীর ইন্ধন থাকে। আমাদের দেশের এক প্রয়াত রাষ্ট্রনেতা একবার যথার্থই বলেছিলেন, সরকার না চাইলে কখনও দাঙ্গা হয় না।

আর্থিক ও প্রযুক্তিগত উন্নতির সঙ্গে রাষ্ট্র এবং সরকার পোষিত ধর্মনিরপেক্ষ বাক্‌স্বাধীন সামাজিক পরিকাঠামোর সম্পর্ক গভীর। বাংলাদেশের বর্তমান সামাজিক পরিবর্তনের দিকে লক্ষ রেখে আমাদেরও অনেক কিছু শেখার আছে।

*
জীবনে আমি চাকরি পাইনি ব'লে দুঃখ ছিল। ফলে, 'কর্মক্ষেত্র' আমি গোগ্রাসে গিলি। প'ড়ে বুঝেছি, চাকরি পেতে যে এলেম দরকার আমার তা নেই। প্রশ্নোত্তরগুলো রপ্ত করার চেষ্টা করি। পরে বুঝি, খুব দেরি ক'রে ফেলেছি। কী করব, আমাদের বয়সকালে তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি। স্বনিযুক্তি প্রকল্পগুলো আত্মস্থ ক'রে তবু লাখপতি হওয়ার স্বপ্ন দেখি। এ বয়সেও হয়তো একবার কপাল ঠুকে দেখা যেতে পারে। তার চেয়েও বড় কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে কাজ না দিলেও অনেক কিছু শেখায় পড়ায়।
কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

*

পাঠকের চিঠি

সঙ্গীতের ভুবনে

এই করোনা-অতিমারির আতঙ্কিত আবহে মানবমনকে স্বস্তি ও ভরসা দিতে চিকিৎসক, প্রতিষেধকের পাশাপাশি আরেকটি ধন্বন্তরী হয়ে উঠতে পারে চিরনবীন, চিরসুখশ্রাব্য সঙ্গীতের সুরসম্মোহন। সঙ্গীতের দুনিয়াকে নিয়েই কিছু তথ্য এখানে দেওয়া হল—

১। পন্ডিত রবি শংকরের সেতারবাদনের সঙ্গে বেহালাতে যুগোত্তীর্ণ সংগত করেছিলেন ইতালীয় সুরস্রষ্টা ইয়েলুদি মেনুহিন।

২। জাপানের 'গেইশা' নর্তকীরা 'সামিসেন' এবং 'ওদোরি' নামক দু'টি তারের বাদ্যযন্ত্র বাদনে কুশলী।

৩। ইউক্রেনে একতারার মতো দেখতে 'বালালাইকা' বাদ্যযন্ত্রের প্রচলন আছে।

৪। গ্রিক পুরাণে কিন্নর এবং ইউরিদিসির স্বামী অর্ফিয়ুসের বাদ্যযন্ত্র ছিল হার্পের মতো দেখতে 'সিথারা'।

৫। যাযাবর 'রোমানি' বা 'জিপসি' উপজাতিদের বাদ্যযন্ত্র ব্যানাডুররিয়া। শিশুসাহিত্যিক শৈলেন ঘোষের উপন্যাস 'খুদে যাযাবর ইসতাসি'-তে এই বাদ্যযন্ত্রটির উল্লেখ আছে।

৬। ২৬৯৭ খ্রীস্টপূর্বাব্দে চৈনিক বাদ্যযন্ত্রী লিং ল্যুন 'ফেংলুয়াং' পাখির কণ্ঠস্বরে অনুপ্রাণিত হয়ে বাঁশের বাঁশি তৈরি করেন।

৭। পাঁচটি ছিদ্রযুক্ত ৩৫ হাজার বছরের পুরোনো একটি হাড়ের বাঁশির খোঁজ মিলেছে জার্মানির উলম শহরের কাছে হবল ফেলস গুহায়।

৮। কিউনিফর্ম (বানমুখী) লিপিতে সবচেয়ে পুরনো গানের (৩৪০০ বছর আগের) স্বরলিপি পাওয়া গেছে সিরিয়ার উগারিত অঞ্চল থেকে।

৯। সবচেয়ে পুরোনো সম্পূর্ণ গান পাওয়া গেছে গ্রিসের সেইকিলোস অঞ্চলে।

১০। চিনের শাং রাজবংশে সর্বপ্রথম পারকাসান বাদ্যযন্ত্র হিসেবে ঢাক (বাংগু)-এর ব্যবহার শুরু হয়। এই রাজবংশের আমলেই ব্রোঞ্জের তৈরি 'লিং', 'নাও' আর 'ঝোং' নামক ঘণ্টার ব্যবহার শুরু হয়।

১১। কম্পিউটার চালিত সর্বপ্রথম ইলেক্ট্রনিক সঙ্গীতের প্রচলন ঘটায় জার্মানির ক্রাফটওয়্যাক (Kraftwerk) নামক একটি বাদ্যযন্ত্রী দল। এঁদের 'Man Machine', 'Robot', 'Autobahn' ও 'Computer World' নামক কম্পোজিশনগুলি বিশ্বে জনপ্রিয় হয়।

১২। ভারতের 'রাবানহাত্তা' বিশ্বের অন্যতম প্রাচীন তারের বাদ্যযন্ত্র।

১৩। বাইবেলের ওল্ড টেস্টামেন্টে জুবাল-কে সঙ্গীত স্রষ্টা বলে উল্লেখ করা হয়েছে।

১৪। ভ্রাম্যমান গায়ক বা চারণকবিদেরকে মধ্যযুগীয় ফ্রান্স, জার্মানি এবং ইংল্যান্ডে উল্লেখ করা হত যথাক্রমে 'ত্রুবাদ্যুর', 'মিনেসিংজার' এবং 'মিনস্ট্রেল' নামে।

১৫। 'পেট শপ বয়েজ' নামক মার্কিন পপ গায়ক গোষ্ঠীতে ছিলেন নীল টেন্যান্ট ও ক্রিস্টোফার লোয়ি।

১৬। ঐক্যবদ্ধ বা কোরাস সঙ্গীতের উদ্ভব ঘটে স্পেনের গালিথিয়া-তে সান্তিয়াগো দে কোম্পোসতেলা-তে।

১৭। ধর্মীয় সঙ্গীতের প্রবর্তন ঘটান ইতালির গিওভান্নি পিয়েরলুইগি দি পালেস্ত্রিনা।

১৮। বিশ্বখ্যাত জ্যোতির্বিজ্ঞানী গ্যালিলিও গালিলেই-এর বাবা ভিনসেনজো গালিলেই ছিলেন একজন নামকরা সুরস্রষ্টা।

১৯। 'Macarena' নামক পপ গানটির ব্রাজিলীয় গায়কগোষ্ঠী 'Los Del Rio'-এর মধ্যে ছিলেন রাফায়েল রুইজ এবং আন্তোনিও রোমেরো।

২০। আলজিরিয়ার লোকসঙ্গীত 'রাই' বিশ্বখ্যাতি পায় গায়ক খালেদ হজ ইব্রাহিমের 'Didi', 'Sbabi', 'El Ghatti' গানগুলির মাধ্যমে।

২১। 'Swan Lake' এবং 'Moonlight Sonata' নামক দু'টি বিখ্যাত সিম্ফনির স্রষ্টা যথাক্রমে রাশিয়ার ভ্লাদিমির চাইকভস্কি এবং জার্মানির ল্যুডভিগ ভ্যান বেথোভেন।

২২। বর্ণবৈষম্যবাদবিরোধী 'Ebony And Ivory' গানটি গেয়ে বিশ্বে আলোড়ন তোলেন পল ম্যাককার্টনি এবং স্টিভি ওয়ান্ডার।

২৩। মাইকেল জ্যাকসনের প্রথম মিউজিক ভিডিয়ো 'Don't Stop 'Til You Get Enough' প্রকাশিত হয় ১৯৭৯ সালে।

২৪। ভারতীয় রাগসঙ্গীত ও পশ্চিমী সঙ্গীতের মিশেলে 'Colonial Cousins' নামক ব্যান্ড তৈরি করেন হরিহরণ এবং লেসলি লিউয়িস।

কৌশিক রায়
সহশিক্ষক (ইংরেজি), আবেশকুড়ি উচ্চ মাদ্রাসা (উঃ মাঃ)
সবরণদিঘি, পোঃ সর্বমঙ্গলা, থানা-গঙ্গারামপুর
জেলা: দক্ষিণ দিনাজপুর, পিন-৭৩৩ ১২৪

দুচাকায় দুনিয়া

বিমল মুখার্জি

প্রথম ভারতীয় ভূপর্যটক

অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত

খবরের পাতা

*

১ সেপ্টেম্বর - ৩০ সেপ্টেম্বর

আ ন্ত র্জা তি ক

আফগানিস্তানে সরকার গড়ল তালিবান

বিস্তর টালবাহানার পরে শেষ পর্যন্ত আফগানিস্তানে নতুন অন্তর্বর্তী সরকার ঘোষণা করল তালিবান। ৭ সেপ্টেম্বর এই ঘোষণা করা হয়েছে। কার্যনির্বাহী প্রধানমন্ত্রী হিসেবে সরকারের নেতৃত্ব দেবেন মোল্লা মহম্মদ হাসান আখুন্দ। দোহায় তালিবানের রাজনৈতিক দপ্তরের চেয়ারম্যান মোল্লা আব্দুল গনি বরাদরকে কার্যনির্বাহী উপ-প্রধানমন্ত্রী করা হয়েছে। অন্য তালিব নেতাদের তুলনায় কম পরিচিত মুখ হলেও আখুন্দের নাম রয়েছে রাষ্ট্রপুঞ্জের জঙ্গি-তালিকায়। একটি পাক দৈনিকের দাবি, নয়া সরকারের প্রধান হিসেবে আখুন্দের নাম প্রস্তাব করেন তালিবানের সর্বোচ্চ নেতা হিবাতুল্লা আখুন্দজাদা স্বয়ং। তবে হিবাতুল্লাকে ইরানের কায়দায় দেশের সর্বোচ্চ ধর্মীয় নেতার পদে বসিয়ে তাঁর অধীনে প্রেসিডেন্ট বা প্রধানমন্ত্রীর নেতৃত্বে তালিবান সরকার গড়ার সম্ভাবনা থাকলেও এদিন তা নিয়ে কোনও সিদ্ধান্ত হয়নি। হিবাতুল্লা এদিন এক বিবৃতিতে জানান, 'দেশবাসীকে আশ্বস্ত করছি, এরা (নতুন মন্ত্রীরা) দেশে শরিয়া আইন এবং ইসলামি শাসন প্রতিষ্ঠা করতে কঠোর পরিশ্রম করবে। দীর্ঘমেয়াদি শান্তি, শ্রী বৃদ্ধি এবং উন্নয়ন নিশ্চিত করবে তারা। কেউ যেন দেশ ছাড়ার চেষ্টা না করে। ইসলামি আমিরশাহিতে কাউকে নিয়েই কোনও সমস্যা নেই।'

গত ২০ বছর ধরে তালিবানের নীতি-নির্ধারক পরিষদ 'রেহবারি শুরা'-র প্রধানের পদে আসীন রয়েছেন নতুন প্রধানমন্ত্রী মোল্লা মহম্মদ হাসান আখুন্দ। তিনি তালিবান প্রতিষ্ঠাতা মোল্লা ওমরের সহযোগী এবং হিবাতুল্লার ঘনিষ্ঠ। কন্দহরের নেতা আখুন্দ ১৯৯৬ থেকে ২০০১ পর্যন্ত পূর্ববর্তী তালিবান জমানায় বিদেশমন্ত্রী এবং উপ-প্রধানমন্ত্রী ছিলেন।

নতুন তালিবান সরকারের কার্যনির্বাহী অভ্যন্তরীণ মন্ত্রী করা হয়েছে হক্কানি নেটওয়ার্কের প্রধান সিরাজুদ্দিন হক্কানিকে। পাকিস্তানের উত্তর ওয়াজিরিস্তানে ঘাঁটি গেড়ে থাকা সিরাজুদ্দিনের সঙ্গে তালিবান এবং আল কায়দার ঘনিষ্ঠ যোগাযোগ রয়েছে। এফ বি আইয়ের 'মোস্ট ওয়ান্টেড' তালিকায় থাকা হক্কানিকে ধরতে আমেরিকা ৫০ লক্ষ ডলার অর্থমূল্যের পুরস্কারও ঘোষণা করেছিল। বস্তুত, হক্কানিকে মন্ত্রী করে আমেরিকা-সহ সব দেশের সঙ্গেই সুসম্পর্ক রক্ষার পূর্ববর্তী তালিবানি ঘোষণাকে নস্যাৎ করা হল কিনা, এই পরিস্থিতিতে সেই প্রশ্ন উঠছে।

অন্তর্বর্তী সরকারের কার্যনির্বাহী প্রতিরক্ষা মন্ত্রী পদে বাছা হয়েছে হিবাতুল্লার শিষ্য এবং মোল্লা ওমরের ছেলে মোল্লা মহম্মদ ইয়াকুবকে। কার্যনির্বাহী বিদেশমন্ত্রী আমির খান মুত্তাকি, উপ-বিদেশমন্ত্রী শের মহম্মদ আব্বাস স্তানিকজাই, অর্থমন্ত্রী হেদায়েতুল্লা বদ্রি।

সমস্ত জনগোষ্ঠীর প্রতিনিধিত্ব রেখে 'গ্রহণযোগ্য' একটি সরকার যে তাদের কাছে প্রত্যাশা করা হচ্ছে, সেই বার্তা তালিবানকে দিয়েছিল ভারত-সহ বিভিন্ন দেশ। বাস্তবে দেখা গেল, অন্তর্বর্তী সরকারের শীর্ষ পদগুলিতে কোনও অ-তালিব মুখ নেই। 'জঙ্গি' তকমা পাওয়া একাধিক শীর্ষ নেতার ঠাঁই হয়েছে মন্ত্রিসভায়। তবে, তালিবানের তরফে যুক্তি দেখানো হয়েছে, এই নয়া সরকার একান্তই 'কার্যনির্বাহী'। যদিও স্থায়ী সরকার গঠনের জন্য নির্বাচন কবে হবে, তা খোলসা করেননি তালিবানের প্রধান মুখপাত্র ও উপ-তথ্যমন্ত্রী জবিউল্লা মুজাহিদ।

এদিকে অক্টোবরের মাঝামাঝি নতুন সরকার গঠনের গোড়াতেই ফের ধোঁয়াশা দেখা দিল। গত বছরই সর্বোচ্চ নেতা হিবাতুল্লা আখুন্দজাদার মৃত্যু ঘটেছে বলে জানিয়ে দিল তালিবান। জানা গিয়েছে সংবাদ মাধ্যমকে তাঁর মৃত্যুর খবর জানিয়েছেন তালিবান নেতা আমির আল-মুমিনিন শেখ। ২০২০ সালে পাকিস্তানে আত্মঘাতী হামলায় আখুন্দজাদার মৃত্যু হয়েছে বলে দাবি করেন ওই নেতা। স্বভাবতই প্রশ্ন উঠছে, আখুন্দজাদা যদি মারাই গিয়ে থাকেন তাহলে তাঁকে কেন সরকারের প্রধান মুখ হিসেবে তুলে ধরা হল! তার চেয়েও বড় প্রশ্ন, গত মাসেই দিল্লিকে বিমান চালানোর অনুরোধ করে তালিবানের তরফে যে-চিঠি পাঠানো হয়, সেটি তাহলে কে লিখেছিলেন? সব মিলিয়ে

আফগানিস্তানে সরকার গঠনকে কেন্দ্র করে রহস্যের জট আর কাটছে না।

এস সি ও-র শীর্ষ সম্মেলনে তালিবান নিয়ে সরব মোদী

আফগাঁনিস্তানের তালিবান সরকার নিয়ে প্রথম বার সরব হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ১৭ সেপ্টেম্বর সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশন (এস সি ও)-এর ভার্চুয়াল শীর্ষ সম্মেলনে তিনি বলেন, 'আফগানিস্তানে অস্থিরতার জেরে গোটা বিশ্বে সন্ত্রাসবাদ এবং চরমপন্থার বাড়বাড়ন্ত হতে পারে। অন্য সন্ত্রাসবাদী সংগঠনগুলিও এই ভাবে সরকার গড়তে উৎসাহী হবে। আফগানিস্তান থেকে অন্য দেশে যাতে সন্ত্রাস না ছড়ায়, সেটা সবাই মিলে সুনিশ্চিত করতে হবে।'

কূটনীতিকদের মতে, প্রধানমন্ত্রীর বক্তব্যে স্পষ্ট, তালিবান সরকারকে ভারতের আনুষ্ঠানিক স্বীকৃতি দেওয়ার আপাতত কোনও সম্ভাবনাই নেই। বরং 'তালিবান-হক্কানি নেটওয়ার্ক-আল কায়দা' অক্ষ সম্পর্কে বিশ্বকে সতর্ক করা, যথাসম্ভব প্রতিরোধ গড়াই নয়াদিল্লির অগ্রাধিকার। প্রথমে এস সি ও-র উদ্বোধনী বক্তৃতায়, পরে এস সি ও এবং রাশিয়ার সামরিক জোট সি এস টি ও-র বৈঠকেও সন্ত্রাসের বিরুদ্ধে সরব হন নরেন্দ্র মোদী। তালিবান সরকারে পাকিস্তান তথা আই এস আইয়ের প্রভাব স্পষ্ট। আফগানিস্তানকে ব্যবহার করে আল কায়দার মতো জঙ্গিগোষ্ঠী যে ফের ভারত-বিরোধী হামলা চালাতে পারে, তা এস সি ও-র দুই গুরুত্বপূর্ণ সদস্য, চিন ও রাশিয়ার সামনে স্পষ্ট করা প্রয়োজন ছিল সাউথ ব্লকের। প্রধানমন্ত্রী মোদী এদিন সেই কাজটাই করেছেন বলে মনে করছেন বিশেষজ্ঞরা।

এদিন পাকিস্তানের নাম না করে ভারতের প্রধানমন্ত্রী প্রস্তাব দেন, 'আন্তঃসীমান্ত সন্ত্রাস এবং সন্ত্রাসে অর্থের জোগান রুখতে এস সি ও কঠোর বিধিব্যবস্থা তৈরি করুক।' আফগানিস্তানে অস্থিরতা চললে গোটা অঞ্চলে মাদক চোরাচালান, অবৈধ হাতিয়ার ও মানব পাচারও বাড়তে পারে বলে সতর্ক করেন তিনি। তালিবান সরকার প্রসঙ্গে প্রধানমন্ত্রী মোদীর বক্তব্য, 'আলাপ-আলোচনা ছাড়াই কাবুলে যেভাবে সরকার গড়া হল, তাতে সমাজের সব অংশের প্রতিনিধিত্ব নেই। মহিলা, সংখ্যালঘু-সহ সকলের প্রতিনিধিত্ব অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ ব্যাপারে রাষ্ট্রপুঞ্জ এবং এস সি ও পদক্ষেপ করুক।' আফগানদের অর্থনৈতিক দুর্ভোগের কথা উল্লেখ করে নরেন্দ্র মোদী বলেন, ভারত আগের মতোই সব রকম ভাবে এই দেশের মানুষের পাশে দাঁড়াতে প্রস্তুত।'

চিনা প্রেসিডেন্ট শি চিনফিংয়ের বক্তব্যেও উঠে এসেছে আফগানিস্তান প্রসঙ্গ। শি জানান, বিদেশি সেনা প্রত্যাহারের জেরে আফগানিস্তানের ইতিহাসে এক নতুন অধ্যায় শুরু হয়েছে। কিন্তু সে দেশ বেশ কিছু সংকটের মুখে পড়েছে। তার জন্য প্রয়োজন আন্তর্জাতিক মহলের, বিশেষত আঞ্চলিক দেশগুলির সাহায্য। একই সুরে পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খানও গোটা বিশ্বকে আফগানিস্তানের পাশে দাঁড়ানোর বার্তা দেন। তাঁর বক্তব্য, 'মনে রাখতে হবে আফগান সরকার বিদেশি সাহায্যের উপর নির্ভরশীল।' তবে, শি-র মতো ইমরান খানও মনে করেন, যাবতীয় প্রতিশ্রুতি বজায় রাখতে হবে তালিবানকেও। সন্ত্রাসের আঁতুড়ঘর করে না তুলে আফগানিস্তানের মাটিকে যাতে সন্ত্রাস মোকাবিলার জন্য ব্যবহার করা হয়, সেই বিষয়েও এক মত শি এবং ইমরান। সেইসঙ্গে আফগানিস্তানে প্রশাসনিক ও রাজনৈতিক ক্ষেত্রে সমস্ত জাতি, সমস্ত স্তরের প্রতিনিধিত্ব যাতে নিশ্চিত করা যায়, সেই সংস্কৃতি তৈরিতে এস সি ও-র সদস্য দেশগুলিকেও এগিয়ে আসতে হবে বলে অভিমত তাঁদের।

এস সি ও-র ঘোষণাপত্রে এদিন আফগানিস্তান এবং সন্ত্রাসবাদ প্রসঙ্গ পৃথক ভাবে উল্লেখ করা হয়েছে। বলা হয়েছে, 'এস সি ও স্বাধীন, নিরপেক্ষ, ঐক্যবদ্ধ, গণতান্ত্রিক, শান্তিপূর্ণ এবং সন্ত্রাসমুক্ত আফগানিস্তানকে সমর্থন করে। সে দেশের সরকারে সমস্ত জাতি, ধর্ম এবং রাজনৈতিক গোষ্ঠীর প্রতিনিধিত্ব থাকা প্রয়োজন।' সব ধরনের

সন্ত্রাসবাদের নিন্দা করে ঘোষণাপত্রে বলা হয়েছে, সন্ত্রাসে অর্থের জোগান এবং মৌলবাদ ও বিচ্ছিন্নতাবাদের প্রসার রুখতে নিজেদের মধ্যে সহযোগিতা বাড়াবে এস সি ও-ভুক্ত রাষ্ট্রগুলি। কোনও দেশ যাতে আফগানিস্তানকে সন্ত্রাসবাদীদের স্বর্গোদ্যান বানাতে না পারে, সেই লক্ষ্যেও সক্রিয় থাকবে এস সি ও।

জো বাইডেনের সঙ্গে বৈঠকে নরেন্দ্র মোদী

মার্কিন প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার পর প্রথম বার ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে বৈঠক করলেন জো বাইডেন। এর আগে তিন বার বাইডেনের সঙ্গে কথা বলেছেন মোদী। তবে প্রত্যেক বারই ভিডিও-মাধ্যমে, বহুপাক্ষিক সম্মেলন উপলক্ষে। দু'বছর পর মার্কিন-সফরে এসে অবশেষে ২৪ সেপ্টেম্বর রাতে (ভারতীয় সময় অনুযায়ী) হোয়াইট হাউসে মার্কিন প্রেসিডেন্টের মুখোমুখি হলেন ভারতের প্রধানমন্ত্রী।

এদিনের আলোচনায় গুরুত্ব পেয়েছে কাবুলের দখল তালিবানের হাতে চলে যাওয়ার পরে সে দেশের পরিবর্তিত রাজনৈতিক ও সামাজিক পরিস্থিতি। বৈঠক শুরুর আগে দেওয়া বক্তৃতায় প্রধানমন্ত্রী মোদী বাইডেনের উদ্দেশে বলেন, 'এর আগে ২০১৪ এবং ২০১৬ সালে আপনার সঙ্গে যখন কথা বলার সুযোগ হয়েছিল, তখন ভারত সম্পর্কে আপনার ইতিবাচক দৃষ্টিভঙ্গির পরিচয় পেয়েছি। ভারত-আমেরিকা সম্পর্ককে এগিয়ে নিয়ে যেতে আপনার চেষ্টাকে স্বাগত জানাই।' বাইডেন বলেন, 'ভারত-আমেরিকার সম্পর্কে নতুন অধ্যায় শুরু হল।'

কূটনৈতিক শিবিরের মতে, গত দু'বছরে পালটে যাওয়া ভূ-রাজনীতির প্রশ্নে ভারত-আমেরিকার নতুন করে সখ্য বিশেষ তাৎপর্যপূর্ণ। গত দু'বছরে পৃথিবী দেখেছে অতিমারির বীভৎসতা, করোনা সংক্রমণের নতুনতর ঢেউয়ের সম্ভাবনা এখনও উড়িয়ে দেওয়া যাচ্ছে না। তারই মধ্যে চিনের সঙ্গে আমেরিকা ও ইউরোপের বিভিন্ন দেশের কার্যত ঠান্ডা যুদ্ধকালীন পরিস্থিতি তৈরি হয়েছে, আফগানিস্তান থেকে দীর্ঘ দু'দশক পরে সেনা প্রত্যাহার করে নিয়েছে ওয়াশিংটন, কোভিড ও লকডাউনের জেরে দ্বিপাক্ষিক বাণিজ্য ও অর্থনীতিতে তৈরি হয়েছে অনিশ্চয়তা। এই অবস্থায় এ দিনের শীর্ষ বৈঠকে পরিবেশ, উষ্ণায়ন, কোভিড মোকাবিলার ক্ষেত্রে সহযোগিতা, প্রতিষেধকের যৌথ উৎপাদন, ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে উন্মুক্ত ও উদার বাণিজ্য, নিরাপত্তা, ভারত-মার্কিন বাণিজ্য চুক্তির বাস্তবায়নের মতো বিবিধ বিষয়ে কথা হয়েছে বলে জানা গিয়েছে। তবে, ভারতের দিক থেকে সব থেকে বেশি গুরুত্ব পেয়েছে আফগানিস্তান-পরিস্থিতি এবং সেই সূত্রে তালিবান সরকার গঠনে পাকিস্তানের ইতিবাচক ভূমিকা। নয়াদিল্লির তরফে ওয়াশিংটনকে বোঝানো হয়েছে, আফগানিস্তান থেকে সেনা সরিয়ে নিলেই পরিস্থিতি সংকটমুক্ত হবে, এমন নয়। এখনও আফগান পরিস্থিতির উপরে নজর রাখার প্রয়োজন রয়েছে বাইডেন প্রশাসনের। সে দেশের তালিবান সরকারের সঙ্গে এখনও দর কষাকষির কিছু জায়গা রয়ে গিয়েছে হোয়াইট হাউসের। আফগানিস্তানের বিপুল ডলারের ভাণ্ডার রয়েছে আমেরিকার শীর্ষ ব্যাঙ্ক ফেডারেল রিজার্ভের কাছে, যার কিছু অংশের নাগাল পেতে এখনও আমেরিকার সহায়তা প্রয়োজন তালিবানের। সর্বোপরি, এদিনের বৈঠকে ভারতের পক্ষ থেকে জোরালো ভাবে তোলা হয়েছে তালিবান সরকারে হক্কানি নেটওয়ার্কের প্রভাব এবং পাকিস্তানের মদতপ্রাপ্ত বিভিন্ন সন্ত্রাসবাদী সংগঠনের সম্ভাব্য বাড়বাড়ন্তের কথা।

এদিন মোদী-বাইডেনের যৌথ বিবৃতিতে জায়গা করে নিয়েছে তালিবান সরকার এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে কড়া সতর্কবার্তা। যৌথ বিবৃতিতে বলা হয়েছে, 'তালিবান যেন অবশ্যই সম্প্রতি রাষ্ট্রপুঞ্জ গৃহীত সন্ত্রাসবাদ বিরোধী প্রস্তাবটি মেনে চলে। অর্থাৎ আফগানিস্তানের ভূখণ্ড যেন কোনও ভাবেই ফের অন্য দেশে সন্ত্রাসবাদী হামলার কাজে ব্যবহার না করা হয়, জঙ্গিদের আশ্রয়স্থল বা প্রশিক্ষণকেন্দ্র হিসাবে তা যেন গড়ে না ওঠে। সন্ত্রাসবাদী অভিযানে অর্থ জোগানোর পীঠস্থানও যেন না হয়ে ওঠে।' নাম না করে পাকিস্তানকেও নিশানা করা হয়েছে এই যৌথ বিবৃতিতে। বলা হয়েছে, 'দুই নেতা আন্তঃসীমান্ত সন্ত্রাসের নিন্দা করেছেন। ২৬/১১ মুম্বই হামলায় জড়িত জঙ্গিদের বিচার এবং শাস্তির জন্য আবার বলা হচ্ছে।' এই প্রসঙ্গে 'ভারত-আমেরিকা সন্ত্রাসবিরোধী যৌথ কমিটি' এবং 'হোমল্যান্ড সিকিওরিটি ডায়ালগ'— এই দু'টি ব্যবস্থাকে বাইডেন প্রশাসনের জমানায় নতুন করে শক্তিশালী করা হবে বলেও জানানো হয়েছে যৌথ ঘোষণায়।

উল্লেখ্য, এই বৈঠকের আগে নরেন্দ্র মোদীর সঙ্গে একান্ত আলাপচারিতায় আমেরিকার ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস পাকিস্তানের সন্ত্রাস প্রসঙ্গ তোলেন। ভারতের বিদেশ সচিব হর্ষবর্ধন শ্রিংলা সাংবাদিক সম্মেলনে জানান, 'আমেরিকার ভাইস প্রেসিডেন্ট স্বতঃপ্রণোদিত ভাবে সন্ত্রাসবাদের প্রসঙ্গে পাকিস্তানের কথা তুলেছেন। সে দেশে জঙ্গি সংগঠনগুলি সক্রিয়, এ কথা জানিয়ে তিনি বলেন, পাকিস্তানকে বলা হয়েছে এই সংগঠনগুলির বিরুদ্ধে ব্যবস্থা নিতে, যাতে তারা আমেরিকা এবং ভারতের নিরাপত্তায় বিঘ্ন ঘটাতে না পারে।'

রাজনৈতিক শিবিরের মতে, আমেরিকায় সে দেশের নতুন প্রশাসনের শীর্ষস্তরীয় প্রতিনিধির সঙ্গে প্রথম বৈঠকটি সব মিলিয়ে যথেষ্ট ইতিবাচক হয়েছে নয়াদিল্লির জন্য।

রাষ্ট্রপুঞ্জের সাধারণ সম্মেলনে সন্ত্রাসের নিন্দায় মোদী

রাষ্ট্রপুঞ্জের সাধারণ সম্মেলনের মঞ্চ থেকে নাম না করে সন্ত্রাসে পাক মদতের কড়া সমালোচনা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ২৫ সেপ্টেম্বর নিজের বক্তৃতায় তিনি বলেন, কোনও দেশ যেন আফগানিস্তানের স্পর্শকাতর পরিস্থিতিকে নিজেদের রাজনৈতিক অস্ত্র করে তুলতে না পারে। যুদ্ধবিধ্বস্ত কাবুলের মানুষের পাশে দাঁড়ানোর জন্য মোদী আহ্বানও জানালেন বিশ্ববাসীকে।

আফগানিস্তানের তালিবান সরকারকে কাজে লাগিয়ে পাকিস্তানের ভারত-বিরোধী নাশকতার আশঙ্কা প্রত্যাশা মতোই মোদীর এদিনের বক্তৃতায় উঠে এসেছে। এর পাশাপাশি চিনের নাম উল্লেখ না করেও সমুদ্রপথকে সম্প্রসারণবাদ থেকে মুক্ত করার ডাক দিয়েছেন মোদী। তবে এদিন রাষ্ট্রপুঞ্জে প্রধানমন্ত্রী মোদীর বক্তৃতায় বেশি জায়গা করে নিয়েছে তাঁর সরকারের গত এক-দেড় বছরের সাফল্যের খতিয়ান। তথ্য ও পরিসংখ্যান দিয়ে জাতীয় বিমা সুরক্ষা থেকে প্রধানমন্ত্রী আবাস যোজনার কথা বলেছেন তিনি। বস্তুত, এই সব কথাই মোদীকে গত এক বছরে বিভিন্ন রাজনৈতিক ও প্রশাসনিক মঞ্চে বলতে শোনা গিয়েছে।

ভারত যে গণতন্ত্রের মাতৃস্বরূপ, তা উদাহরণ দিয়ে বোঝাতে গিয়ে নিজের শৈশবে স্টেশনে চায়ের স্টলে বাবাকে সাহায্য করার কথা শুনিয়েছেন। আবার গোটা বিশ্বকে আশ্বস্ত করে বলেছেন, ভারত সরকার ফের অন্যান্য দেশকে কোভিড প্রতিষেধক পাঠানো শুরু করেছে। প্রতিষেধক নির্মাতাদের প্রতি তাঁর আহ্বান, 'আপনারা ভারতে এসে কোভিডের প্রতিষেধক তৈরি করুন।'

রাজনৈতিক শিবিরের বক্তব্য, বিদেশনীতি জাতীয় স্বার্থ পূরণের লক্ষ্যে জাতীয় নীতিরই বর্ধিত অংশমাত্র। বিভিন্ন দেশের সঙ্গে সম্পর্ককে কাজে লাগিয়ে জাতীয় রাজনীতিতে ফায়দা তোলার বিষয়টিও নতুন কিছু নয়। বিদেশ মন্ত্রক সূত্রে বলা হয়েছে, মোদী ভারতের গণতন্ত্রের মহিমাকে এদিন বিশ্বমঞ্চে জোরালো ভাবে প্রতিষ্ঠা করেছেন। আন্তঃসীমান্ত সন্ত্রাস বন্ধ করতে জোরালো বার্তা দিয়েছেন প্রতিবেশীকে। কোভিড মোকাবিলায় সবাইকে একজোট করতে সচেষ্ট থেকেছেন।

ভারতের প্রধানমন্ত্রী এদিন তাঁর বক্তৃতায় উল্লেখ করেন, 'আফগানিস্তানের মহিলা, শিশু, সংখ্যালঘু এবং সব সাধারণ মানুষের সহায়তা জরুরি। আমাদের সবাইকে সেই দায়িত্ব পালন করতেই হবে।'

কোয়াডে চিন-বিরোধী অবস্থান রাষ্ট্রনেতাদের

প্রথম বার মুখোমুখি পূর্ণাঙ্গ চতুর্দেশীয় রাষ্ট্রের (কোয়াড্রিল্যাটেরাল সিকিউরিটি ডায়ালগ বা সংক্ষেপে কোয়াড) সম্মেলন হল। ২৪ সেপ্টেম্বর ভারতীয় সময় মধ্যরাতে হোয়াইট হাউসে দু'ঘণ্টার দীর্ঘ বৈঠকে ভারত, আমেরিকা, জাপান এবং অস্ট্রেলিয়ার শীর্ষনেতারা যোগ দেন। বৈঠকে 'বলপূর্বক দখলদারির' বিরুদ্ধে 'অনমনীয়' থেকে 'মুক্ত এবং উদার ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল' গড়ে তোলার ডাক দেওয়া হয়।

বৈঠকের পরে আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেন, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী স্কট মরিসন এবং জাপানের প্রধানমন্ত্রী ইয়োশিহিদে সুগা এক যৌথ বিবৃতিতে জানিয়েছেন, 'আমরা আন্তর্জাতিক আইন, স্বাধীন সমুদ্রযাত্রা, দ্বন্দ্বের শান্তিপূর্ণ সমাধান, গণতান্ত্রিক মূল্যবোধ, রাষ্ট্রগুলির ভৌগোলিক অখণ্ডতার পক্ষে দৃঢ় ভাবে দাঁড়াচ্ছি।' রাজনৈতিক শিবিরের বক্তব্য, বিবৃতিতে কোথাও চিনের নাম উল্লেখ না করা হলেও, এই বৈঠকের মূল লক্ষ্য যে চিন-বিরোধী সমুদ্র-কৌশল, তা স্পষ্ট। বিবৃতিতে বলা হয়েছে, 'আমরা একত্রে মুক্ত, উদার, আইন মোতাবেক, আন্তর্জাতিক আইনে প্রোথিত, নিরাপদ ও সমৃদ্ধ ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ।' পাশাপাশি, কোয়াড গোষ্ঠী জানিয়েছে, 'প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ছোট ছোট দ্বীপরাষ্ট্রগুলির পাশে থাকতে হবে। তাদের অর্থনীতি, বাণিজ্য এবং পরিবেশগত সমস্যার সমাধান কোয়াডের লক্ষ্য। বৈঠকে আলোচনা হয়েছে ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে কোভিড প্রতিষেধক-সহযোগিতা নিয়েও।'

বিদেশসচিব হর্ষবর্ধন শ্রিংলা সাংবাদিক বৈঠকে বলেন, 'চার দেশের নেতা আফগানিস্তান, দক্ষিণ এশিয়ায় তৈরি হওয়া বিপদ মোকাবিলায় এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল নিয়ে পারস্পরিক সহযোগিতার বিষয়ে প্রতিশ্রুতিবদ্ধ। কোভিড অতিমারির মোকাবিলা এবং ভবিষ্যতে অন্য কোনও অতিমারি ঠেকানোর বিষয়েও

সংকল্পবদ্ধ তাঁরা।' যৌথ বিবৃতিতে বলা হয়েছে, কোভ্যাক্স ব্যবস্থার বাইরেও অস্ট্রেলিয়া, ভারত, জাপান এবং আমেরিকা ১২০ কোটি ডোজ প্রতিষেধক দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। এর মধ্যে ৭.৮ কোটি ডোজই ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশগুলির জন্য। বিদেশ সচিবের বক্তব্য, 'প্রধানমন্ত্রী * মোদী তাঁর কোয়াড-সতীর্থদের বলেছেন, অক্টোবরের শেষে ৮০ লক্ষ ডোজ কোভিড টিকা রপ্তানি করার মতো পরিস্থিতি তৈরি হবে ভারতে।' ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশগুলিতে এই টিকা পাঠানো হবে।

আরব দেশে প্রধানমন্ত্রী পদে প্রথম মহিলা

৩০ সেপ্টেম্বর উত্তর আফ্রিকার তিউনিশিয়ায় প্রধানমন্ত্রী নিযুক্ত হলেন নাজলা বাউদেন রমধান। এই প্রথম মহিলা প্রধানমন্ত্রী পেল আরবের কোনও দেশ। প্রেসিডেন্ট কাইস সইদ প্রশাসনিক দায়িত্ব নেওয়ার দু'মাসের মধ্যে প্রাক্তন প্রধানমন্ত্রী হিচেম মেচিচি ও তাঁর মন্ত্রিসভাকে বরখাস্ত করে রমধানকে সেই পদে বসালেন।

গত ২৫ জুলাই প্রেসিডেন্ট কাইস সইদ প্রাক্তন প্রধানমন্ত্রীকে বরখাস্ত করেন। পার্লামেন্টের কাজ স্থগিত করে দেন। সরকার ও বিচারব্যবস্থা সম্পূর্ণ ভাবে নিজের নিয়ন্ত্রণে নিয়ে আসেন। প্রেসিডেন্টের সিদ্ধান্তে দেশের জনসাধারণ দ্বিধাবিভক্ত হয়ে যায়। শুরু হয় গণবিক্ষোভ। ধাক্কা খায় দেশের অর্থনীতি। এ রকম অবস্থায় আচমকাই রাজনৈতিক পরিসরের সম্পূর্ণ বাইরে থাকা রমধানকে নয়া প্রধানমন্ত্রী ঘোষণা করেন কাইস। অবিলম্বে তাঁকে মন্ত্রিসভা গঠনের নির্দেশও দিয়েছেন তিনি।

মহিলা প্রধানমন্ত্রী বেছে নেওয়াকে আরব-মুলুকে নারী-ক্ষমতায়ন হিসেবে দেখাতে চাইলেও প্রেসিডেন্টের ঘোষণায় রাজনীতির গভীর ছকই খুঁজে পাচ্ছে রাজনৈতিক মহল। দেশের রাজনীতিতে সেই অর্থে পরিচিতি বা ব্যাপ্তি, কোনওটাই নেই রমধানের। ৬৩ বছর বয়সি রমধান ছিলেন 'ন্যাশনাল স্কুল অব ইঞ্জিনিয়ার্সে' জিওলজির অধ্যাপিকা। পরবর্তী কালে তিনি উচ্চশিক্ষা ও বিজ্ঞান গবেষণা মন্ত্রকের ডিরেক্টর জেনারেল নিযুক্ত হন। বিশ্ব ব্যাঙ্কের সঙ্গে বহু প্রকল্পে তিনি কাজ করেছেন। রাজনীতির সঙ্গে সংস্রব তাঁর প্রায় ছিলই না, এমনকী কোনও মন্ত্রকের দায়িত্বেও তিনি কখনও থাকেননি। দেশের জনগণের একাংশ ও বিশেষজ্ঞদের আশঙ্কা, রমধানের মন্ত্রিসভা আসলে কাইসের নিয়ন্ত্রণাধীন 'পুতুল-সরকারে' পরিণত হবে।

ইডা-র তাণ্ডবে আমেরিকায় মৃত ৯৬

হারিকেন ইডা-র দাপটে বিপর্যস্ত হয়ে পড়ল আমেরিকার পূর্বাংশের বিস্তীর্ণ এলাকা। ৪ সেপ্টেম্বর শেষ পাওয়া খবরে, বিধ্বংসী এই ঝড়ে মারা গিয়েছেন কমপক্ষে ৯৬ জন। সব চেয়ে বেশি ক্ষতিগ্রস্ত লুইজিয়ানা, নিউ ইয়র্ক, নিউ জার্সি, অ্যালাবামা, মিসিসিপি। এ ছাড়াও জনজীবন ব্যাহত পেনসিলভ্যানিয়া, কানেকটিকাট, মেরিল্যান্ড, ভার্জিনিয়ার মতো বেশ কয়েকটি প্রদেশে।

ইডা প্রথমে আছড়ে পড়ে লুইজিয়ানা প্রদেশে। সেখানেই ক্ষতির পরিমাণ সবচেয়ে বেশি। মৃত্যু হয়েছে ৩৪ জনের। স্থানীয় প্রশাসনের তরফে জানানো হয়েছে, ২২ হাজারের বেশি বিদ্যুতের খুঁটি হয় ভেঙেছে অথবা নষ্ট হয়ে গিয়েছে। ৫,২০০-র বেশি ট্রান্সফর্মার বিকল। প্রদেশের জরুরি বিভাগের প্রেসিডেন্ট তথা সি ই ও ফিলিপ মে জানিয়েছেন, 'ক্ষয়ক্ষতির পরিমাণ হিসেব করা কার্যত অসম্ভব হয়ে দাঁড়িয়েছে।' লুইজিয়ানা, নিউ ইয়র্ক ও নিউ জার্সিতে জরুরি অবস্থা জারি করা হয়। নিউ ইয়র্কের মেয়র বিল ডি ব্লাসিয়ো জানান, গত কয়েক দশকে এই প্রদেশে এ রকম ভয়াবহ বন্যা পরিস্থিতি তৈরি হয়নি। নিউ ইয়র্কে মারা গিয়েছেন ৩০ জন। নিউ জার্সিতে মৃতের সংখ্যা ১৮। সেখানকার মুলিকা হিলে ঘূর্ণিঝড়ের জেরে একসঙ্গে ভেঙে পড়ে ২৫টি বাড়ি। নিউ অর্লিয়্যান্সের অবস্থাও যথেষ্ট বেহাল।

নিউ ইয়র্ক-সহ বিভিন্ন প্রদেশে জাতীয় সড়ক থেকে সাবওয়ে সবই প্রায় জলের তলায় চলে যায়। নর্দমা থেকে উঠে আসতে থাকে আবর্জনা। রাজপথের শতাধিক গাছ উপড়ে যায়। শহরবাসীর দুর্ভোগ বাড়িয়ে বন্ধ হয়ে যায় ভূগর্ভস্থ রেল পরিষেবা। সাবওয়ে স্টেশন দিয়ে হুড়মুড়িয়ে জল ঢুকে রেললাইন ঢেকে ফেলে। যাত্রিবাহী বড় বাসগুলির ভিতরেও জল ঢুকে যায়। এর উপর একে গ্রীষ্মকাল, তার উপর বিদ্যুৎ না থাকায় পরিস্থিতি কার্যত অসহনীয় হয়ে ওঠে।

এই অবস্থায় জলবায়ু পরিবর্তন নিয়ে শহরবাসীকে ফের সতর্ক করেন নিউ ইয়র্কের গভর্নর ক্যাথি হোকুল। তাঁর কথায়, 'যে ভবিষ্যতের কথা আমরা এতদিন বলে আসছিলাম, তা কিন্তু আমাদের সামনে চলে এসেছে।

আমরা মানুষকে হারাচ্ছি, হারাচ্ছি বিপুল সম্পত্তিও। আমাদের এই মুহূর্ত থেকে সতর্ক হতেই হবে। কারণ আমাদের সামনে আর কোনও রাস্তা খোলা নেই।' বিশেষজ্ঞদের মতে, ২০১২ সালে হ্যারিকেন স্যান্ডির পরে প্রচুর খরচ করে নিউ ইয়র্ক ও নিউ জার্সিকে বন্যা থেকে সুরক্ষিত রাখার পরিকাঠামো তৈরি করা হয়। কিন্তু বেশিরভাগ ক্ষেত্রেই তা সমুদ্রের জল ঢোকা আটকাতে কার্যকরী। বৃষ্টি থেকে বাঁচার কোনও রাস্তা তৈরি হয়নি। তাই এই পরিণতি।

ইকুয়েডরের জেলে সংঘর্ষে নিহত ১১৬

দু'টি বিরোধী মাদক পাচারকারী গোষ্ঠীর সংঘর্ষে যুদ্ধক্ষেত্রের চেহারা নিল ইকুয়েডরের লিটোরাল জেল। ৩০ সেপ্টেম্বর কারাগারের ভিতরেই দুই পক্ষের ভয়াবহ লড়াইয়ে মারা গেল অন্তত ১১৬ জন। তাদের মধ্যে ৫ জনের মাথা কেটে ফেলা হয়েছে। আহত ৮০। দেশের কারা-ব্যবস্থায় জরুরি অবস্থা জারি করেন প্রেসিডেন্ট গিয়েরমো লাসো।

গুয়াকিল শহরের ওই জেলটিতে সংঘর্ষ শুরু হয় ২৮ সেপ্টেম্বর সকালে। কারা-কর্তারা জানিয়েছেন, জেলের এক অংশ থেকে অন্য অংশ পর্যন্ত সুড়ঙ্গ কেটে তার ভিতর হামাগুড়ি দিয়ে বিরোধী গোষ্ঠীর কাছে পৌঁছেছিল অন্য দলের সদস্যেরা। এর পরে গুলি, গ্রেনেড, ছুরি, বোমা নিয়ে শুরু হয় লড়াই। সংঘর্ষের খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরের দিন পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। কিন্তু ৩০ তারিখ সকালে ফের জেলের ভিতর বিস্ফোরণ ও গুলির শব্দ শোনা যায়। সঙ্গে সঙ্গে জেলটিকে ঘিরে ফেলে অভিযান শুরু করে ৪০০ জন পুলিশের একটি বাহিনী। জেলের বিভিন্ন অংশ থেকে অন্তত ১১৬টি মৃতদেহ উদ্ধার করে বাহিনী।

প্রসঙ্গত, গুয়াকিলের কুখ্যাত ওই কারাগারটিতে আন্তর্জাতিক মাদক পাচারকারীদের রাখা হত। ক্ষমতা দখল নিয়ে প্রতিদ্বন্দ্বী দুই দলের মধ্যে প্রতিযোগিতাই এই সংঘর্ষের কারণ। প্রেসিডেন্ট লাসো বলেছেন, 'জেলগুলি দুষ্কৃতীদলের ক্ষমতা নিয়ে লড়াইয়ের জায়গা হয়ে উঠছে, যা খুবই দুর্ভাগ্যজনক। অত্যন্ত শক্ত হাতে এই অব্যবস্থা বন্ধ করতে হবে।' উল্লেখ্য, গত ফেব্রুয়ারিতেও জেল দখল ঘিরে সংঘর্ষে নিহত হয়েছে ৪টি জেলের মোট ৭৯ জন বন্দি। ইকুয়েডরের জেলগুলিতে ধারণক্ষমতার তুলনায় বন্দির সংখ্যা কয়েক গুণ বেশি হওয়ায় তাও সন্ত্রাসবৃদ্ধির অন্যতম কারণ হিসেবে উঠে আসছে।

জা তী য়

গুজরাতে নয়া মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র পটেল

বি জে পি-শাসিত উত্তরাখণ্ড এবং কর্নাটকের পর এবার গুজরাতেও ফের মুখ্যমন্ত্রী বদল করা হল। বিজয় রূপাণীর ইস্তফার পরে ১২ সেপ্টেম্বর ভূপেন্দ্র পটেলকে ওই রাজ্যের নতুন মুখ্যমন্ত্রী করার সিদ্ধান্ত নিলেন বি জে পি-র শীর্ষ নেতৃত্ব।

রূপাণী ইস্তফা দেন ১১ সেপ্টেম্বর। বি জে পি নেতৃত্ব এই ইস্তফাকে রুটিন বদল বললেও রাজনৈতিক মহলের একাংশের ধারণা, প্রশাসক হিসেবে অযোগ্যতা, দলীয় কোন্দল, মুখ্যমন্ত্রীর প্রতি পটেল সমাজের ক্ষোভ, প্রতিষ্ঠানবিরোধী হাওয়ার কারণেই বিধানসভা নির্বাচনের দেড় বছর আগে সরানো হল রূপাণীকে। প্রায় একই কারণে সম্প্রতি উত্তরাখণ্ড ও কর্নাটকেও মুখ্যমন্ত্রী পরিবর্তন করেছে বি জে পি। এদিন দলের নির্দেশেই রাজ্যপাল আচারিয়া দেবরতের কাছে ইস্তফাপত্র পেশ করে রূপাণী বলেন, 'গুজরাতের মুখ্যমন্ত্রী হিসেবে পাঁচ বছর কাজ করার সুযোগ পাওয়ায় আমি দলের কাছে কৃতজ্ঞ। আগামী দিনে দলের সৈনিক হিসেবে যা দায়িত্ব দেওয়া হবে, তা পালন করব।'

পরের দিনই পাটীদার সম্প্রদায়ের নেতা, পেশায় ইঞ্জিনিয়ার, ভূপেন্দ্র পটেলের নাম মুখ্যমন্ত্রী হিসেবে ঘোষণা করা হয়। ১৩ সেপ্টেম্বর শপথ গ্রহণ করেন তিনি। প্রথম বারের বিধায়ক ভূপেন্দ্র গুজরাতের প্রাক্তন মুখ্যমন্ত্রী আনন্দীবেন পটেলের (বর্তমানে উত্তরপ্রদেশের রাজ্যপাল) ভাবশিষ্য। আনন্দীবেনের ছেড়ে যাওয়া আমেদাবাদের ঘাটলোডিয়া বিধানসভা কেন্দ্র থেকেই ২০১৭ সালে প্রায় ১.১৭ লক্ষ ভোটে জিতে বিধায়ক হন তিনি। তার আগে দীর্ঘ কাল আমেদাবাদ পুরসভার কাউন্সিলর ও আমেদাবাদ নগরোন্নয়ন সংস্থার চেয়ারম্যান হিসেবে কাজ করেছেন।

তবে, প্রথম বারের বিধায়ককে রাতারাতি রাজ্যের মুখ্যমন্ত্রী পদে বসানোর প্রকৃত কারণ হিসেবে জাতপাতের রাজনীতিই প্রাধান্য পেয়েছে বলে মনে করছে রাজনৈতিক মহল। ভূপেন্দ্র পটেল পাটীদার নেতা। পাটীদারদের আর্থ-সামাজিক উন্নয়নের কাজে জড়িত সংগঠন সর্দারধাম বিশ্ব পাটীদার কেন্দ্রের অছি পরিষদের সদস্য। গুজরাতের মোট

জনসংখ্যার ২০-২৫ শতাংশই পাটীদার। তাঁরা বরাবরই গুজরাতে বি জে পি-র প্রধান ভোটব্যাঙ্ক। বিধানসভার ১৮২টি আসনের মধ্যে অন্তত ৭০টিতে জয়-পরাজয়ের ক্ষেত্রে পাটীদারদের বড় ভূমিকা থাকে। ১৯৯৫ সালে বি জে পি প্রথম বার গুজরাতে ক্ষমতায় আসার পর পাটীদার নেতা কেশুভাই পটেল মুখ্যমন্ত্রী হয়েছিলেন।

পঞ্জাবের নয়া মুখ্যমন্ত্রী চরণজিৎ চন্নী

দলিত শিখ নেতা চরণজিৎ সিংহ চন্নী কংগ্রেস শাসিত পাঞ্জাবে মুখ্যমন্ত্রীর কুর্সিতে বসলেন। ১৮ সেপ্টেম্বর মুখ্যমন্ত্রী পদে ইস্তফা দেন ক্যাপ্টেন অমরেন্দ্র সিংহ। সেদিনই অল ইন্ডিয়া কংগ্রেস কমিটির তরফে নতুন মুখ্যমন্ত্রীর নাম ঘোষণা করা হয়। চন্নীই পাঞ্জাবের প্রথম দলিত মুখ্যমন্ত্রী। তাঁর নিয়োগের সঙ্গে ঘরোয়া রাজনীতিতে ফের একবার জাতপাতের অঙ্কই জয়ী হল বলে মনে করা হচ্ছে।

জাতপাতের সমীকরণ মিলিয়ে গুজরাতে বিধানসভা নির্বাচনের ১৫ মাস আগে পাটীদার নেতা ভূপেন্দ্র পটেলকে মুখ্যমন্ত্রী করেছে বি জে পি। এদিন কংগ্রেসের চন্নীকে বেছে নেওয়ার নেপথ্যেও সেই একই অঙ্ক।

পাঞ্জাবের ভোটদাতাদের ৩২ শতাংশ দলিত। মায়াবতীর বি এস পি-র সঙ্গে জোট গড়ে অকালি দল ইতিমধ্যেই প্রতিশ্রুতি দিয়েছে, ফের ক্ষমতায় এলে দলিত উপমুখ্যমন্ত্রী করা হবে। বি জে পি-ও ক্ষমতায় এলে, তাদের কোনও দলিত নেতাকেই মুখ্যমন্ত্রী করার কথা জানিয়েছে। জাতপাতের সমীকরণে নির্বাচনের লড়াইয়ে পিছিয়ে না থেকে জাতীয় কংগ্রেসও তাই সামনে আনল চরণজিৎ চন্নীকে। চরণজিৎ দলিত রামদাসিয়া সম্প্রদায়ের মানুষ। পঞ্জাবের দোয়াব অঞ্চলে এই সম্প্রদায়ের বিপুল সংখ্যক মানুষের বাস। এক ঢিলে অনেক পাখি মারার মতো কংগ্রেস মনে করছে, ভোটের মাস পাঁচেক আগে চন্নীকে মুখ্যমন্ত্রী করায় অমরেন্দ্র সিংহের সরকারের বিরুদ্ধে সাধারণ মানুষের মনে যে ক্ষোভ তৈরি হয়েছিল, তা অনেকটাই প্রশমিত করা যাবে। সেইসঙ্গে জাতনির্ভর রাজনীতিতে দীর্ণ উত্তরপ্রদেশের আসন্ন বিধানসভা ভোটেও ইতিবাচক বার্তা যাবে। চরণজিৎ শুধু পঞ্জাবে প্রথম নন, সারা দেশেও সপ্তম দলিত মুখ্যমন্ত্রী। এই মুহূর্তে আর কোনও রাজ্যে দলিত মুখ্যমন্ত্রী নেই।

চরণজিৎ এতদিন অমরেন্দ্র-সরকারের কারিগরি শিক্ষামন্ত্রী ছিলেন। গত মাসে পাঞ্জাবের যে-পাঁচ মন্ত্রী মুখ্যমন্ত্রী অমরেন্দ্রের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেন, চরণজিৎ ছিলেন তাঁদের অন্যতম। ২০ সেপ্টেম্বর চন্নীকে শপথবাক্য পাঠ করান রাজ্যপাল বনোয়ারিলাল পুরোহিত।

এখানে উল্লেখ্য, ২০০২ থেকে ২০০৭ এবং ২০১৭ থেকে ১৮ সেপ্টেম্বর তাঁর ইস্তফার দিন পর্যন্ত পাঞ্জাবের মুখ্যমন্ত্রী থেকেছেন প্রাক্তন সেনা অফিসার ক্যাপ্টেন অমরেন্দ্র সিংহ। যদিও দ্বিতীয় দফার মুখ্যমন্ত্রিত্বের গোড়া থেকেই তাঁর সঙ্গে মতপার্থক্য দেখা দেয় এ আই সি সি-র। রাজ্য প্রশাসনে দলীয় নীতির চেয়েও নিজস্ব মতামতকে বেশি প্রাধান্য দেন বলে অভিযোগ ছিল তাঁর বিরুদ্ধে। হাইকম্যান্ডের সঙ্গে মুখ্যমন্ত্রীর তিক্ততা চরমে পৌঁছয় গত জুলাইয়ে, যখন অমরেন্দ্রর আপত্তি সত্ত্বেও নভজ্যোৎ সিংহ সিধুকে প্রদেশ কংগ্রেসের সভাপতি পদে বসান রাহুল গান্ধী। তার পরেই পাঞ্জাবে কংগ্রেস নেতাদের মধ্যে আড়াআড়ি বিভাজন ঘটে যায়। কংগ্রেস পরিষদীয় দলের নেতা হওয়া সত্ত্বেও অমরেন্দ্র সিংহের সঙ্গে কোনও আলোচনা না করেই ১৮ সেপ্টেম্বর বিকেলে রাজ্যের কংগ্রেস বিধায়কদের বৈঠক ডাকেন ওই রাজ্যের দায়িত্বপ্রাপ্ত এ আই সি সি-র সাধারণ সম্পাদক হরিশ রাওয়াত। ওই বৈঠকেই অমরেন্দ্র সিংহকে মুখ্যমন্ত্রীর পদ থেকে সরানোর আনুষ্ঠানিক সিদ্ধান্ত নেওয়ার কথা ছিল। তবে দলের অধিকাংশ বিধায়ক তাঁর বিরুদ্ধে চলে গিয়েছেন বুঝতে পেরে বৈঠকের আধ ঘণ্টা আগেই রাজ্যপালের কাছে গিয়ে ইস্তফাপত্র জমা দিয়ে আসেন 'ক্যাপ্টেন'।

টাইম-এর বর্ষসেরা তালিকায় মমতা বন্দ্যোপাধ্যায়

'টাইম' পত্রিকার বিবেচনায় চলতি বছরে বিশ্বকে সবচেয়ে বেশি প্রভাবিত করেছেন যে-২০ জন নেতা-নেত্রী, তাঁদের মধ্যে জায়গা পেলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং এ রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

১৫ সেপ্টেম্বর প্রকাশিত এই তালিকার 'লিডার্স' ক্যাটেগরিতে নাম রয়েছে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন, চিনের প্রেসিডেন্ট শি চিনফিং, মার্কিন ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস, আমেরিকার প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, এমনকী তালিবানের অন্যতম প্রতিষ্ঠাতা আব্দুল গনি বরাদরের। 'পাইয়োনিয়ার্স' বিভাগের ২০ জনের তালিকায় রয়েছেন আর-এক ভারতীয়— সিরাম ইনস্টিটিউটের প্রধান

আদর পুনাওয়ালা। সব মিলিয়ে ১০০ জনের নামের তালিকা প্রকাশ করেছে এই কিংবদন্তি পত্রিকা।

মমতা বন্দ্যোপাধ্যায় সম্পর্কে লেখা হয়েছে, 'পরনে সাদা শাড়ি ও পায়ে হাওয়াই চটি তাঁর নিজস্বতা। এই পোশাকেই ভারতীয় রাজনীতিতে তিনি হয়ে উঠেছেন নির্ভীকতার প্রতীক। প্রায় অজেয় ভাবমূর্তির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সম্প্রসারণবাদী অভীপ্সাকে ঠেকিয়ে দিতে তিনি হয়ে উঠেছিলেন প্রাচীরের মতো। বি জে পি-র অর্থ ও লোকবলকে পরাস্ত করে মমতা ফের পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রিত্ব ধরে রাখলেন। ভারতের অন্য মহিলা নেত্রীদের সঙ্গে মমতার পার্থক্য হল— তিনি কখনও কারও স্ত্রী, মা, কন্যা বা সাথী হিসেবে পরিচিতির সুবিধাটি পাননি। মমতার বিষয়ে বলা হয়— তিনি তাঁর দল তৃণমূল কংগ্রেসকে নেতৃত্ব দেন না। তিনি নিজেই সেই দল। নরেন্দ্র মোদীকে প্রতিহত করতে জাতীয় স্তরে কোনও জোট বা মোর্চা যদি গড়ে ওঠে, সেখানে অবশ্যই মুখ্য ভূমিকা থাকবে মমতা বন্দ্যোপাধ্যায়ের।'

তবে, নরেন্দ্র মোদীকে নিয়ে লেখাটি বেশ নেতিবাচক। লেখা হয়েছে, 'কোভিড মোকাবিলায় তাঁর ব্যর্থতার জন্যই ভারতে এত মৃত্যু। স্বাধীনতার পরে ৭৪ বছরে জওহরলাল নেহরু এবং ইন্দিরা গান্ধীর পরই নরেন্দ্র মোদী তৃতীয় প্রভাবশালী প্রধানমন্ত্রী। অনেকেই ভেবেছিলেন, সমাজতান্ত্রিক অতীত থেকে দেশকে তিনি ভবিষ্যৎ ধনতন্ত্রের দিকে নিয়ে যাবেন। পরিবর্তন একটা করেছেন বটে মোদী, ধর্মনিরপেক্ষতা থেকে ভারতকে ধাক্কা দিয়ে পাঠিয়েছেন হিন্দু জাতীয়তাবাদের দিকে। সংখ্যালঘু মুসলিম সম্প্রদায়ের অধিকার কেড়ে নেওয়া ছাড়া মোদী সরকার সেই সব সাংবাদিকদেরও জেলে ভরেছেন, যাঁরা এই বিষয়গুলিকে সামনে এনেছেন। দু'টি আন্তর্জাতিক 'থিঙ্ক ট্যাঙ্ক' সমীক্ষার পরে সিদ্ধান্তে এসেছে, তাঁর নেতৃত্বে ভারত গণতন্ত্র থেকে 'নির্বাচনী স্বৈরাচার'-এর দিকে এগিয়ে চলেছে।'

'হু'-র রিপোর্টে দূষণ-শীর্ষে দিল্লি

রাজধানী দিল্লি দেশের মধ্যে দূষণে সব থেকে এগিয়ে। খুব একটা পিছিয়ে নেই কলকাতাও। ২২ সেপ্টেম্বর বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)-র রিপোর্টের পরিপ্রেক্ষিতে বিভিন্ন তথ্য বিশ্লেষণ করে পরিবেশপ্রেমী সংস্থা গ্রিন পিস দেখিয়েছে, দিল্লিতে ২০২০ সালে বাতাসে ভাসমান সূক্ষ্ম কণার (পার্টিকুলেট ম্যাটার বা পি এম ২.৫) মাত্রা হু-র নির্ধারিত মাত্রার চেয়ে প্রায় ১৭ গুণ বেশি ছিল। কলকাতায় সেই মাত্রা ছিল প্রায় সাড়ে ন'গুণ এবং মুম্বইয়ে প্রায় আট গুণ।

হায়দরাবাদ, আমেদাবাদের মতো শহরেও দূষিত কণার পরিমাণ ছিল বিশ্ব স্বাস্থ্য সংস্থা নির্ধারিত মাত্রার তুলনায় আট গুণ বা তারও বেশি।

দক্ষিণ এশিয়ার দেশগুলিতে বায়ুদূষণ নিয়ে হু-র প্রকাশিত রিপোর্ট অনুযায়ী, এই অঞ্চলে দূষণের নিরিখে ভারতের স্থান তৃতীয়। বাংলাদেশ ও পাকিস্তানের পরেই। ওই তালিকায় দেখাচ্ছে, নেপাল, শ্রীলঙ্কা, ইন্দোনেশিয়ার মতো দেশেও দূষণ ভারতের থেকে অনেক কম। এই দূষণের নিরিখেই ভারতে বায়ুদূষণঘটিত রোগগুলির কথাও ফের সামনে আসছে। পরিবেশবিদ ও জনস্বাস্থ্য বিজ্ঞানীদের সতর্কবার্তা, দূষণ কমাতে অবিলম্বে তৎপর না হলে শ্বাসরোগ, ফুসফুসের ক্যানসারের মতো রোগ আরও বিপজ্জনক আকার নিতে পারে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা দূষণে রাশ টানার জন্য কিছু নির্দেশিকাও দিয়েছে। তাদের পরামর্শ, বাতাসে ভাসমান কণা (পি এম), ওজোন, নাইট্রোজেন যৌগ, সালফার যৌগ ইত্যাদি কমানোর উপরেই অবিলম্বে বেশি জোর দেওয়া উচিত। অন্যথায় বায়ুদূষণঘটিত রোগের প্রকোপ বহু গুণ বেড়ে যেতে পারে।

শ্রম মন্ত্রকের রিপোর্টে স্পষ্ট কর্মসংস্থানের মন্দা

খোদ শ্রম মন্ত্রকের রিপোর্টে প্রকাশ পেল দেশে কাজের বাজারের বেহাল দশার চিত্র। ২৭ সেপ্টেম্বর শ্রম ও কর্মসংস্থানমন্ত্রী ভূপেন্দ্র যাদব

যে-সমীক্ষা রিপোর্ট প্রকাশ করেছেন, তাতে জানানো হয়েছে, গত এপ্রিল-জুনে সারা দেশে নির্মাণ, উৎপাদন, তথ্যপ্রযুক্তি-সহ ন'টি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে (কৃষি বাদে) কাজের সঙ্গে জড়িত ছিলেন ৩.০৮ কোটি মানুষ৷ ২০১৩-১৪ অর্থবর্ষের আর্থিক সুমারিতে ওই সমস্ত ক্ষেত্রে ২.৩৭ কোটি কাজের কথা বলা হয়েছিল। অর্থাৎ, সাত বছরে ওই ক্ষেত্রগুলিতে কাজ বেড়েছে মোট ২৯ শতাংশ। বছরের হিসাবে মোটামুটি ৪ শতাংশ। সংখ্যার নিরিখে মাত্র ৭১ লক্ষ।

তথ্যপ্রযুক্তি বা বি পি ও-তে ১৫২ শতাংশ, স্বাস্থ্য ক্ষেত্রে ৭৭ শতাংশ, পরিবহণ ক্ষেত্রে ৬৮ শতাংশ, আর্থিক পরিষেবার ক্ষেত্রে ৪৮ শতাংশ, শিক্ষা ক্ষেত্রে ৩৯ শতাংশ, উৎপাদন ক্ষেত্রে ২২ শতাংশ কাজের সুযোগ বৃদ্ধি পেয়েছে। কিন্তু বাণিজ্য ও হোটেল-রেস্তোরাঁ ক্ষেত্রে যথাক্রমে ২৫ শতাংশ ও ১৩ শতাংশ কাজের সুযোগ হ্রাস পেয়েছে। উল্লেখ্য, ২০১৯ সালের লোকসভা নির্বাচনের ঠিক আগে জাতীয় পরিসংখ্যান দপ্তরের (এন এস ও) ফাঁস হয়ে যাওয়া রিপোর্ট থেকে জানা গিয়েছিল, ২০১৭-১৮ অর্থবর্ষে সারা দেশে বেকারত্বের হার দাঁড়িয়েছে ৬.১ শতাংশ, যা সাড়ে চার দশকের মধ্যে সর্বোচ্চ। সেই সময়ে কেন্দ্র ওই রিপোর্টটি অসম্পূর্ণ বলে দাবি করেছিল। কিন্তু নির্বাচনের পর সরকারি ভাবে তা প্রকাশের পরে জানা যায়, বেকারত্বের পরিসংখ্যানের বিষয়টি সত্যি। তার পরেও এন এস ও-র যেসব রিপোর্ট প্রকাশিত হয়েছে, তাতে কাজের মলিন অবস্থাই স্পষ্ট হয়েছে।

দেশে কর্মসংস্থানের পরিস্থিতি কতটা খারাপ তা একাধিক বার ফুটে উঠেছে বেসরকারি পরামর্শদাতা সংস্থা সি এম আই ই-র রিপোর্টে। অগস্টে তাদের রিপোর্টেই জানানো হয়েছিল, জুলাইয়ে সারা দেশে বেকারত্বের হার ছিল ৮.৩২ শতাংশ। শহরে ৯.৭৮ শতাংশ এবং গ্রামাঞ্চলে ৭.৬৪ শতাংশ। যা কিনা ২০১৭-১৮ অর্থবর্ষের অবস্থার চেয়েও ভয়ংকর।

পেগাসাসে কিছু বলবে না বলে জানাল কেন্দ্র

পেগাসাস স্পাইওয়্যার কাজে লাগিয়ে নজরদারি করা হয়েছে কি না, তা কেন্দ্রীয় সরকার স্পষ্ট ভাবে জানাবে না বলে সাফ জানিয়ে দিল সুপ্রিম কোর্টকে। বিরোধী শিবিরের নেতা, সমাজকর্মী, শিল্পপতি ও আইনজীবীদের ফোনে কেন্দ্রীয় সরকারই পেগাসাস স্পাইওয়্যার কাজে লাগিয়ে নজরদারি করেছে বলে অভিযোগ উঠেছে। নিরপেক্ষ তদন্তের দাবিতে সুপ্রিম কোর্টে মামলা হয়। মামলাকারীদের দাবি ছিল, কেন্দ্রীয় সরকার ওই ইজরায়েলি স্পাইওয়্যার ব্যবহার করেছে কি না, তা স্পষ্ট করে বলুক।

সুপ্রিম কোর্টই ব্যক্তি পরিসরের অধিকারকে সংবিধানের মৌলিক অধিকারের স্বীকৃতি দিয়েছে। ফোনে আড়ি পাতার ফলে সেই ব্যক্তি পরিসরও লঙ্ঘন করা হয়েছে বলে অভিযোগ ওঠে। কিন্তু ১৩ সেপ্টেম্বর দেশের সলিসিটর জেনারেল তুষার মেহতা শীর্ষ আদালতে যুক্তি দেন, অনুমোদন ছাড়া কারও ফোনে আড়ি পাতা হয়নি। সরকারকে সন্ত্রাস রুখতে আইন মেনে নজরদারি করতেই হয়। তিনি আরও জানিয়ে দেন, কোনও সফটওয়্যার ব্যবহার করা হয়েছে না হয়নি, তা হলফনামা দিয়ে বলা সম্ভব নয়। এ বিষয়ে আদালতে বিতর্ক হতে পারে না। এর সঙ্গে দেশের নিরাপত্তার প্রশ্ন জড়িত।

কেন্দ্র এ বিষয়ে বিশদে হলফনামা জমা করবে কি না, তা স্থির করতে দু'বার সময় দিয়েছিল শীর্ষ আদালত। তার পরও এদিন সরকার জাতীয় নিরাপত্তার যুক্তি দেওয়ায় প্রধান বিচারপতি এন ভি রমণা, বিচারপতি সূর্য কান্ত ও বিচারপতি হিমা কোহলির বেঞ্চ জানিয়ে দেয়, দেশের সাধারণ নাগরিকেরা অভিযোগ তুলেছেন তাঁদের ফোনে বেআইনি ভাবে আড়ি পাতা হচ্ছে। এভাবে আসল বিষয়টি এড়িয়ে গিয়ে অন্য কথাবার্তা বলে সমস্যার সমাধান হবে না। মামলাকারীদের আইনজীবী কপিল সিব্বল বলেন, 'সরকার যে বিষয়টা সুপ্রিম কোর্টকেই জানাতে চাইছে না, সেটা অবিশ্বাস্য। এটা ন্যায়বিচারের পক্ষেও ক্ষতিকর।'

প্রধান বিচারপতি বলেন, 'আমরা জাতীয় নিরাপত্তার সঙ্গে জড়িত বিষয় জানতে চাইছি না। আমাদের একমাত্র দেখার বিষয় হল, কোনও সরকারি সংস্থা আইনের বাইরে গিয়ে দেশের নাগরিকদের উপর নজরদারি করতে কোনও সফটওয়্যারকে কাজে লাগাচ্ছে কি না।' বিচারপতি সূর্য কান্ত বলেন, 'আমরা শুধু স্পষ্ট করতে চাইছি, এ ক্ষেত্রে ব্যক্তি-পরিসরের অধিকার লঙ্ঘিত হয়েছে কি না। কোনও নজরদারি হলে, তা আইন মেনে হয়েছে কি না। দেশের নাগরিকদের ব্যক্তি-পরিসর লঙ্ঘন করা হলে সেটা কি সরকারেরও চিন্তার বিষয় নয়?' বিচারপতিরা বলেন, কেন্দ্রকে এ বিষয়ে অবস্থান স্পষ্ট করার জন্য যথেষ্ট সময় দেওয়া হয়েছে। সরকার যখন তা করছে না, তখন সুপ্রিম কোর্টই এ বিষয়ে যথাযথ নির্দেশ দেবে।

পেগাসাস নিয়ে কেন্দ্র সংসদে জানিয়েছিল, কারও উপর বেআইনি নজরদারি চালানো হয়নি। সে ক্ষেত্রে রাহুল গান্ধী, অভিষেক বন্দ্যোপাধ্যায় থেকে প্রশান্ত কিশোর, অনিল আম্বানিদের উপর সরকারি নজরদারির অনুমতি ছিল কি না, তা নিয়ে প্রশ্ন ওঠে। কেন্দ্র সুপ্রিম কোর্টে জানায়, জনগণের মধ্যে ভ্রান্ত ধারণা দূর করতে সরকারই একটি বিশেষজ্ঞ কমিটি তৈরি করবে। এদিন সলিসিটর জেনারেল সুপ্রিম কোর্টে জানান, ওই কমিটিতে সরকারের কোনও প্রতিনিধি থাকবেন না। নিরপেক্ষ বিশেষজ্ঞেরা অভিযোগকারীদের মোবাইল ফোন পরীক্ষা করে দেখবেন, তাঁদের ফোনে আড়ি পাতা হয়েছে কি না। সেই কমিটি সুপ্রিম কোর্টের কাছে রিপোর্ট জমা দিতে পারে। এর পর আদালত স্থির করতে পারে সেই রিপোর্ট প্রকাশ করা হবে কি না।

নাগা জঙ্গিদের সঙ্গে বৈঠকে হিমন্তবিশ্ব শর্মা

নাগা চুক্তির রাজনৈতিক ও ভৌগোলিক প্রভাব নিয়ে আলোচনার জন্য প্রথম বার এন এস সি এন (ন্যাশনাল সোশ্যালিস্ট কাউন্সিল অব নাগাল্যান্ড)-আই এম নেতৃত্বের সঙ্গে বৈঠকে বসলেন অসমের

মুখ্যমন্ত্রী তথা নেডা (নর্থ-ইস্ট ডেমোক্র্যাটিক অ্যালায়েন্স) জোটের নেতা হিমন্তবিশ্ব শর্মা।

২০ সেপ্টেম্বর সন্ধ্যায় দিল্লিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে নাগাল্যান্ডের সর্বদলীয় সরকার ও শান্তি আলোচনা নিয়ে বৈঠক সেরে ২১ সেপ্টেম্বর সকালে ডিমাপুরে নামেন হিমন্তবিশ্ব শর্মা। এরপর নাগাল্যান্ডের মুখ্যমন্ত্রী নেফিয়ু রিও ও উপ-মুখ্যমন্ত্রী ওয়াই প্যাটনের সঙ্গে আলোচনায় বসেন। পরে চুমুকেডিমা পুলিশ কমপ্লেক্সে আই এমের প্রধান নেতা থুইংগালেং মুইভা-সহ শীর্ষ নেতৃত্বের সঙ্গে প্রায় এক ঘণ্টাব্যাপী বৈঠক চলে তাঁর। বৈঠকে ছিলেন মুখ্যমন্ত্রী নেফিয়ু রিও-ও। পরে স্থানীয় এক রিসর্টে ফের মুখ্যমন্ত্রী, রাজ্য বি জে পি সভাপতি তেমজেন ইমনা আলং ও বি জে পি নেতৃত্বের সঙ্গে কথা হয় শর্মার। ওই রিসর্টেই রয়েছেন শান্তি আলোচনার নতুন মধ্যস্থতাকারী এ কে মিশ্র।

শর্মা পরে বলেন, 'প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী উত্তর-পূর্বে চিরস্থায়ী শান্তি প্রতিষ্ঠা করতে চান। সেই উদ্দেশ্যে শান্তি আলোচনা নিয়ে এদিন এন এস সি এন-আই এম নেতৃত্বের সঙ্গে মতবিনিময় করি। রাজ্যের রাজনৈতিক পরিস্থিতি, সর্বদলীয় সরকার ও আসন্ন বিধানসভা নির্বাচন নিয়েও আলোচনা হয় মুখ্যমন্ত্রীর সঙ্গে।'

এন এস সি এনের অন্যতম প্রধান লক্ষ্য, নাগা অধ্যুষিত এলাকাগুলি এক করে বৃহত্তর নাগালিম বা গ্রেটার নাগাল্যান্ড তৈরি করা। এন এস সি এন নেতা আর এইচ রাইজিং এদিন বলেন, 'নতুন চুক্তিতে জনতাকে প্রতারণা করা হলে সেই চুক্তি অতীতের ১৬ দফা চুক্তি ও শিলং চুক্তির মতোই ব্যর্থ হতে বাধ্য। তাই জনতার দাবি মেনে সর্বসম্মত চুক্তিই হতে হবে।'

অ র্থ নী তি

ইতিহাস গড়ে সেনসেক্স পার করল ৬০ হাজার

প্রশ্ন এবং আশঙ্কা জিইয়ে রেখেই এই প্রথম ৬০,০০০ অঙ্কের মাইলফলক পেরিয়ে গেল সেনসেক্স। ২৪ সেপ্টেম্বর থামল ৬০,০৪৮.৪৭ পয়েন্টে। নিফ্‌টি-ও ১৭,৮৫৩.২০ অঙ্কের নতুন শিখর স্পর্শ করেছে।

বিশেষজ্ঞেরা মনে করাচ্ছেন, যে-সেনসেক্সের ১,০০০ থেকে ৩০,০০০ হতে সময় লেগেছিল ২৫ বছর, সে-ই ৩০,০০০ থেকে ৬০,০০০ ছুঁল মাত্র সাড়ে ৬ বছরে। মাত্র দেড় মাসে ৫২ হাজারের ঘর থেকে ৫৯ হাজারের ঘরে উঠে এসেছে সেনসেক্স। উত্থান প্রায় ৬,৫৫৪ পয়েন্ট। ফলে ছোট লগ্নিকারীদের সতর্ক হয়ে শেয়ার কিনতে হবে। কোনও সংস্থার শেয়ার বেশি চড়া মনে হলে বেচে দিতে হবে। কারণ বড় পতনের ঝুঁকি বেড়েছে।

বিশেষজ্ঞদের দাবি, এমন দ্রুত একের পর এক মাইলফলক পেরিয়ে যাওয়ার অনেক কারণ রয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য রিজার্ভ ব্যাঙ্কের মাধ্যমে বাজারে নগদের জোগান, শেয়ার বাজারে স্টার্ট-আপ সংস্থার মূলধন সংগ্রহ, শিল্পকে চাঙ্গা করতে সরকারের নানা পদক্ষেপ।

এক নজরে সেনসেক্সের সফর

- **২৫ জুলাই ১৯৯০:** ১০০০ পয়েন্ট
- **৬ ফেব্রুয়ারি ২০০৬:** ১০,০০০ পয়েন্ট
- **২৯ অক্টোবর ২০০৭:** ২০,০০০ পয়েন্ট
- **৪ মার্চ ২০১৫:** ৩০,০০০ পয়েন্ট
- **২৩ মে ২০১৯:** ৪০,০০০ পয়েন্ট
- **২১ জানুয়ারি ২০২১:** ৫০,০০০ পয়েন্ট
- **২৪ সেপ্টেম্বর ২০২১:** ৬০,০০০ পয়েন্ট

ঊর্ধ্বমুখী শিল্পোৎপাদন বৃদ্ধির হার

গত এপ্রিল-জুনে দেশে আর্থিক বৃদ্ধির হার ২০.১ শতাংশ হওয়ার পরে জুলাইয়ে শিল্প বৃদ্ধির হারও দাঁড়াল ১১.৫ শতাংশ। ফলে ফের প্রশ্ন উঠতে শুরু করেছে, অর্থনীতির বাস্তব অবস্থা শিল্পোৎপাদনের এই ছবি দেখে বিচার করা উচিত কিনা।

সংশ্লিষ্ট মহলের দাবি, প্রায় ২৪ শতাংশ সংকোচনের নিরিখে জি ডি পি যেভাবে ২০.১ শতাংশ বেড়েছে, সেভাবেই শিল্প

বৃদ্ধির সূচক ঊর্ধ্বমুখী হয়েছে। গত বছরের জুলাইয়ে তা ১০.৫ শতাংশ কমেছিল, এবার বৃদ্ধির হিসেব কষা হয়েছে তারই নিরিখে। অতএব তা বেশি দেখাচ্ছে।

১০ সেপ্টেম্বর কেন্দ্র জানিয়েছে, জুলাইয়ে কল-কারখানা, খনন, বিদ্যুৎ, মূলধনী পণ্য, দীর্ঘমেয়াদি ভোগ্যপণ্যের উৎপাদন বেড়েছে বিপুল হারে। জি ডি পি-সহ নানা পরিসংখ্যান থেকে স্পষ্ট, অর্থনীতি ঘুরে দাঁড়াচ্ছে। বিরোধী মহলের দাবি, জুলাইয়ের শিল্প বৃদ্ধিকে তার আগের বছরের জুলাইয়ের পরিসংখ্যানের নিরিখে বিচার করার ফলে বৃদ্ধির হার যে উঁচু দেখাবে, তা প্রত্যাশিতই। গত মে, জুনেও হিসাব কার্যত বিশাল দেখিয়েছে। যদিও বাস্তবে শিল্প বৃদ্ধির হার করোনা-পূর্ববর্তী ২০১৯ সালের জুলাইয়ের থেকেও নীচে। জাতীয় পরিসংখ্যান দপ্তরও অবশ্য শিল্প বৃদ্ধির হার প্রকাশ করে বলেছে, গত বছর করোনাজনিত অভূতপূর্ব পরিস্থিতির কথা মাথায় রেখে যেন তা ব্যাখ্যা করা হয়।

গত বছর মার্চের শেষে শুরু হয়েছিল লকডাউন। শিল্প বন্ধ হয়। উধাও হয় চাহিদা। উৎপাদন লম্বা সময় ধরে হয় বন্ধ ছিল, নয়তো ধীর গতিতে চলছিল। গত বছর জুলাইয়ে কল-কারখানায় উৎপাদন সংকুচিত হয়েছিল ১১.৪ শতাংশ। এবার বেড়েছে ১০.৫ শতাংশ। খনন, বিদ্যুৎ-সহ বাকি ক্ষেত্রগুলির বৃদ্ধিও সংকোচনের ভিতে পা রেখেই।

বাড়ল পাইকারি মূল্যবৃদ্ধির হার

খাদ্যপণ্যের দাম কমা সত্ত্বেও অগস্টে বাড়ল পাইকারি মূল্যবৃদ্ধির হার। ১৪ সেপ্টেম্বর প্রকাশিত কেন্দ্রীয় পরিসংখ্যান অনুসারে, অশোধিত তেলের দর ৬৪ শতাংশ বৃদ্ধি পাওয়া এবং দেশে পেট্রল-ডিজেল, গ্যাসের দাম বাড়ায় গত মাসে মূল্যবৃদ্ধি পৌঁছেছে ১১.৩৯ শতাংশে।

এই সময়ে রান্নার গ্যাস, পেট্রল এবং ডিজেলের দাম বেড়েছে যথাক্রমে ৪৮.১১ শতাংশ, ৬১.৫৩ শতাংশ এবং ৫০.৬৯ শতাংশ। গত বছরের নিচু ভিতের উপরে দাঁড়িয়ে হিসাব করাও মূল্যবৃদ্ধির হার এতটা চড়া হওয়ার অন্যতম কারণ। বাণিজ্য মন্ত্রক জানিয়েছে, জ্বালানি ছাড়াও পেঁয়াজ ও ভোজ্য তেলের মতো কিছু খাদ্যপণ্য, বস্ত্র, রাসায়নিক সামগ্রী প্রভৃতির দাম বৃদ্ধিও ইন্ধন জুগিয়েছে মূল্যবৃদ্ধিতে। তার উপর ২০২০ সালের অগস্টে ওই সব পণ্যের চাহিদাই ছিল না বাজারে। ফলে সেসময় পাইকারি মূল্যবৃদ্ধিও ০.৪১ শতাংশে নেমেছিল। এবার চাহিদা বৃদ্ধি এবং গত বছরের দরের উপর ভিত্তি করে হিসাব হওয়ায় মূল্যবৃদ্ধি বেশি দেখাচ্ছে। গত জুলাইয়ে পাইকারি মূল্যবৃদ্ধি ছিল ১১.১৬ শতাংশ।

তবে সংশ্লিষ্ট মহলের মতে, খুচরো মূল্যবৃদ্ধির ক্ষেত্রে জোর দেওয়া হয় খাদ্যপণ্যের উপর। আর পাইকারি মূল্যবৃদ্ধির ক্ষেত্রে উৎপাদিত পণ্য, বিদ্যুৎ, তেলে। ফলে প্রথমটি মাথা নামালেও, দ্বিতীয়টি বেড়েছে। আরও কিছু মাস এ রকমই চলতে পারে বলে তাঁদের আশঙ্কা। অন্য দিকে, অগস্টে ভারতের রপ্তানি ৪৫.৭৬ শতাংশ বেড়ে ৩,৩২৮ কোটি ডলার হয়েছে। গত বছরের অগস্টে তা ২,২৮৩ কোটি ডলার ছিল। ১৪ সেপ্টেম্বর বাণিজ্য মন্ত্রক জানিয়েছে, আমদানি ৫১.৭২ শতাংশ বেড়ে ৪,৭০৯ কোটি ডলার হয়েছে। ফলে বাণিজ্য ঘাটতিও ৮২০ কোটি থেকে বেড়ে হয়েছে ১,৩৮১ কোটি। চলতি অর্থবর্ষের প্রথম পাঁচ মাসে রপ্তানি ৬৭.৩৩ শতাংশ বেড়ে ১৬,৪১০ কোটি ডলার হয়েছে।

প শ্চি ম ব ঙ্গ

কলকাতা হাই কোর্টের প্রধান বিচারপতি প্রকাশ শ্রীবাস্তব

সুপ্রিম কোর্টের কলেজিয়ামের সুপারিশ অনুযায়ী ২১ সেপ্টেম্বর কলকাতা হাই কোর্টের নতুন প্রধান বিচারপতি হিসেবে প্রকাশ শ্রীবাস্তবের নাম ঘোষণা করা হল। তিনি মধ্যপ্রদেশ হাই কোর্টের বিচারপতি ছিলেন। প্রধান বিচারপতি টি বি রাধাকৃষ্ণণের অবসর গ্রহণের পরে বিচারপতি রাজেশ বিন্দল কলকাতা হাই কোর্টের ভারপ্রাপ্ত প্রধান হিসেবে দায়িত্ব পালন করছিলেন। এলাহাবাদ হাই কোর্টের প্রধান বিচারপতি হচ্ছেন তিনি।

মধ্যপ্রদেশ হাই কোর্টের তথ্য অনুযায়ী, বিচারপতি শ্রীবাস্তবের জন্ম ১৯৬১ সালে। ১৯৮৭ সালে তিনি আইনজীবী হিসেবে কাজ শুরু করেন। মূলত দেওয়ানি, কর ও সাংবিধানিক মামলায় বিশেষজ্ঞ হিসেবে তিনি সুপ্রিম কোর্টেও দীর্ঘদিন কৌঁসুলির কাজ করেছেন। ২০০৮ সালে তিনি মধ্যপ্রদেশ হাই কোর্টের বিচারপতি হিসেবে যোগ দেন এবং ২০১০ সালে স্থায়ী বিচারপতির পদ পান।

উল্লেখ্য, বিচারপতি বিন্দল কলকাতা হাই কোর্টের ভারপ্রাপ্ত প্রধান হওয়ার পর থেকে তাঁর বিষয়ে রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেসের একাংশ থেকে নানা ধরনের আপত্তি উঠছিল। রাজ্য বার কাউন্সিলের চেয়ারম্যান তথা তৃণমূল কংগ্রেসের বিধায়ক অশোক দেব বিচারপতি বিন্দলের বদলি চেয়ে দেশের প্রধান বিচারপতিকে চিঠি লিখেছিলেন। নারদ স্টিং অপারেশন সংক্রান্ত মামলায় ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি বিন্দল যেভাবে এক পক্ষের বক্তব্য শুনে নিম্ন আদালতের জামিন প্রক্রিয়া স্থগিত করে দিয়েছিলেন, তা নিয়েও আইনি মহলে বিতর্কের সৃষ্টি হয়।

বি জে পি-র নতুন রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার

মেয়াদ শেষ হওয়ার আগেই রাজ্য সভাপতির পদ থেকে হঠাৎ দিলীপ ঘোষকে সরিয়ে দিলেন বি জে পি-র কেন্দ্রীয় নেতৃত্ব। ২০ সেপ্টেম্বর সন্ধ্যায় দিল্লি থেকে ঘোষণা করা হয়, রাজ্যে বি জে পি-র নতুন সভাপতি হচ্ছেন বালুরঘাটের সাংসদ সুকান্ত মজুমদার। দিলীপ ঘোষকে দলের সর্বভারতীয় সহ সভাপতি করা হয়েছে।

রাজনৈতিক বিশ্লেষকদের মতে, রাজ্যে বিধানসভা ভোটে বি জে পি-র ‘প্রত্যাশিত’ সাফল্য না পাওয়া এবং পরবর্তী

বৃদ্ধির সূচক ঊর্ধ্বমুখী হয়েছে। গত বছরের জুলাইয়ে তা ১০.৫ শতাংশ কমেছিল, এবার বৃদ্ধির হিসেব কষা হয়েছে তারই নিরিখে। অতএব তা বেশি দেখাচ্ছে।

১০ সেপ্টেম্বর কেন্দ্র জানিয়েছে, জুলাইয়ে কল-কারখানা, খনন, বিদ্যুৎ, মূলধনী পণ্য, দীর্ঘমেয়াদি ভোগ্যপণ্যের উৎপাদন বেড়েছে বিপুল হারে। জি ডি পি-সহ নানা পরিসংখ্যান থেকে স্পষ্ট, অর্থনীতি ঘুরে দাঁড়াচ্ছে। বিরোধী মহলের দাবি, জুলাইয়ের শিল্প বৃদ্ধিকে তার আগের বছরের জুলাইয়ের পরিসংখ্যানের নিরিখে বিচার করার ফলে বৃদ্ধির হার যে উঁচু দেখাবে, তা প্রত্যাশিতই। গত মে, জুনেও হিসাব কার্যত বিশাল দেখিয়েছে। যদিও বাস্তবে শিল্প বৃদ্ধির হার করোনা-পূর্ববর্তী ২০১৯ সালের জুলাইয়ের থেকেও নীচে। জাতীয় পরিসংখ্যান দপ্তরও অবশ্য শিল্প বৃদ্ধির হার প্রকাশ করে বলেছে, গত বছর করোনাজনিত অভূতপূর্ব পরিস্থিতির কথা মাথায় রেখে যেন তা ব্যাখ্যা করা হয়।

গত বছর মার্চের শেষে শুরু হয়েছিল লকডাউন। শিল্প বন্ধ হয়। উধাও হয় চাহিদা। উৎপাদন লম্বা সময় ধরে হয় বন্ধ ছিল, নয়তো ধীর গতিতে চলছিল। গত বছর জুলাইয়ে কল-কারখানায় উৎপাদন সংকুচিত হয়েছিল ১১.৪ শতাংশ। এবার বেড়েছে ১০.৫ শতাংশ। খনন, বিদ্যুৎ-সহ বাকি ক্ষেত্রগুলির বৃদ্ধিও সংকোচনের ভিতে পা রেখেই।

বাড়ল পাইকারি মূল্যবৃদ্ধির হার

খাদ্যপণ্যের দাম কমা সত্ত্বেও অগস্টে বাড়ল পাইকারি মূল্যবৃদ্ধির হার। ১৪ সেপ্টেম্বর প্রকাশিত কেন্দ্রীয় পরিসংখ্যান অনুসারে, অশোধিত তেলের দর ৬৪ শতাংশ বৃদ্ধি পাওয়া এবং দেশে পেট্রল-ডিজেল, গ্যাসের দাম বাড়ায় গত মাসে মূল্যবৃদ্ধি পৌঁছেছে ১১.৩৯ শতাংশে।

এই সময়ে রান্নার গ্যাস, পেট্রল এবং ডিজেলের দাম বেড়েছে যথাক্রমে ৪৮.১১ শতাংশ, ৬১.৫৩ শতাংশ এবং ৫০.৬৯ শতাংশ। গত বছরের নিচু ভিতের উপরে দাঁড়িয়ে হিসাব করাও মূল্যবৃদ্ধির হার এতটা চড়া হওয়ার অন্যতম কারণ। বাণিজ্য মন্ত্রক জানিয়েছে, জ্বালানি ছাড়াও পেঁয়াজ ও ভোজ্য তেলের মতো কিছু খাদ্যপণ্য, বস্ত্র, রাসায়নিক সামগ্রী প্রভৃতির দাম বৃদ্ধিও ইন্ধন জুগিয়েছে মূল্যবৃদ্ধিতে। তার উপর ২০২০ সালের অগস্টে ওই সব পণ্যের চাহিদাই ছিল না বাজারে। ফলে সেসময় পাইকারি মূল্যবৃদ্ধিও ০.৪১ শতাংশে নেমেছিল। এবার চাহিদা বৃদ্ধি এবং গত বছরের দরের উপর ভিত্তি করে হিসাব হওয়ায় মূল্যবৃদ্ধি বেশি দেখাচ্ছে। গত জুলাইয়ে পাইকারি মূল্যবৃদ্ধি ছিল ১১.১৬ শতাংশ।

তবে সংশ্লিষ্ট মহলের মতে, খুচরো মূল্যবৃদ্ধির ক্ষেত্রে জোর দেওয়া হয় খাদ্যপণ্যের উপর। আর পাইকারি মূল্যবৃদ্ধির ক্ষেত্রে উৎপাদিত পণ্য, বিদ্যুৎ, তেলে। ফলে প্রথমটি মাথা নামালেও, দ্বিতীয়টি বেড়েছে। আরও কিছু মাস এ রকমই চলতে পারে বলে তাঁদের আশঙ্কা। অন্য দিকে, অগস্টে ভারতের রপ্তানি ৪৫.৭৬ শতাংশ বেড়ে ৩,৩২৮ কোটি ডলার হয়েছে। গত বছরের অগস্টে তা ২,২৮৩ কোটি ডলার ছিল। ১৪ সেপ্টেম্বর বাণিজ্য মন্ত্রক জানিয়েছে, আমদানি ৫১.৭২ শতাংশ বেড়ে ৪,৭০৯ কোটি ডলার হয়েছে। ফলে বাণিজ্য ঘাটতিও ৮২০ কোটি থেকে বেড়ে হয়েছে ১,৩৮১ কোটি। চলতি অর্থবর্ষের প্রথম পাঁচ মাসে রপ্তানি ৬৭.৩৩ শতাংশ বেড়ে ১৬,৪১০ কোটি ডলার হয়েছে।

প শ্চি ম ব ঙ্গ

কলকাতা হাই কোর্টের প্রধান বিচারপতি প্রকাশ শ্রীবাস্তব

সুপ্রিম কোর্টের কলেজিয়ামের সুপারিশ অনুযায়ী ২১ সেপ্টেম্বর কলকাতা হাই কোর্টের নতুন প্রধান বিচারপতি হিসেবে প্রকাশ শ্রীবাস্তবের নাম ঘোষণা করা হল। তিনি মধ্যপ্রদেশ হাই কোর্টের বিচারপতি ছিলেন। প্রধান বিচারপতি টি বি রাধাকৃষ্ণণের অবসর গ্রহণের পরে বিচারপতি রাজেশ বিন্দল কলকাতা হাই কোর্টের ভারপ্রাপ্ত প্রধান হিসেবে দায়িত্ব পালন করছিলেন। এলাহাবাদ হাই কোর্টের প্রধান বিচারপতি হচ্ছেন তিনি।

মধ্যপ্রদেশ হাই কোর্টের তথ্য অনুযায়ী, বিচারপতি শ্রীবাস্তবের জন্ম ১৯৬১ সালে। ১৯৮৭ সালে তিনি আইনজীবী হিসেবে কাজ শুরু করেন। মূলত দেওয়ানি, কর ও সাংবিধানিক মামলায় বিশেষজ্ঞ হিসেবে তিনি সুপ্রিম কোর্টেও দীর্ঘদিন কৌঁসুলির কাজ করেছেন। ২০০৮ সালে তিনি মধ্যপ্রদেশ হাই কোর্টের বিচারপতি হিসেবে যোগ দেন এবং ২০১০ সালে স্থায়ী বিচারপতির পদ পান।

উল্লেখ্য, বিচারপতি বিন্দল কলকাতা হাই কোর্টের ভারপ্রাপ্ত প্রধান হওয়ার পর থেকে তাঁর বিষয়ে রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেসের একাংশ থেকে নানা ধরনের আপত্তি উঠছিল। রাজ্য বার কাউন্সিলের চেয়ারম্যান তথা তৃণমূল কংগ্রেসের বিধায়ক অশোক দেব বিচারপতি বিন্দলের বদলি চেয়ে দেশের প্রধান বিচারপতিকে চিঠি লিখেছিলেন। নারদ স্টিং অপারেশন সংক্রান্ত মামলায় ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি বিন্দল যেভাবে এক পক্ষের বক্তব্য শুনে নিম্ন আদালতের জামিন প্রক্রিয়া স্থগিত করে দিয়েছিলেন, তা নিয়েও আইনি মহলে বিতর্কের সৃষ্টি হয়।

বি জে পি-র নতুন রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার

মেয়াদ শেষ হওয়ার আগেই রাজ্য সভাপতির পদ থেকে হঠাৎ দিলীপ ঘোষকে সরিয়ে দিলেন বি জে পি-র কেন্দ্রীয় নেতৃত্ব। ২০ সেপ্টেম্বর সন্ধ্যায় দিল্লি থেকে ঘোষণা করা হয়, রাজ্যে বি জে পি-র নতুন সভাপতি হচ্ছেন বালুরঘাটের সাংসদ সুকান্ত মজুমদার। দিলীপ ঘোষকে দলের সর্বভারতীয় সহ সভাপতি করা হয়েছে।

রাজনৈতিক বিশ্লেষকদের মতে, রাজ্যে বিধানসভা ভোটে বি জে পি-র 'প্রত্যাশিত' সাফল্য না পাওয়া এবং পরবর্তী

সময়ে দলকে ধরে রখতে না পারা দিলীপের অপসারণের বড় কারণ। পাশাপাশি, লোকসভা এবং বিধানসভা ভোটে উত্তরবঙ্গে বি জে পি ভালো ফল করেছে, এরই স্বীকৃতিতে সেখানকার বাসিন্দা এবং আর এস এস ঘরানার তরুণ অধ্যাপককে রাজ্য সভাপতি হিসাবে বেছে নেওয়া হল। দিলীপ ঘোষও আর এস এসের প্রচারক থেকেই বি জে পি-র সাংগঠনিক দায়িত্বে এসেছিলেন।

বি জে পি-র দলীয় গঠনতন্ত্র অনুযায়ী রাজ্য সভাপতির পদ নির্বাচনভিত্তিক এবং তার মেয়াদ তিন বছর। এক জন ব্যক্তি একটানা দু'দফায় মোট ছ'বছর সভাপতি থাকতে পারেন। তবে অনেক সময় নির্বাচন ছাড়াও অ্যাড হক ভিত্তিতে নিয়োগ হয়ে থাকে। তেমন করেই এসেছিলেন দিলীপ ঘোষ। পরে সাংগঠনিক নির্বাচনেও তিনি দ্বিতীয় বারের জন্য সভাপতি থেকে যান। সেই মেয়াদ ফুরনোর কথা ছিল ২০২২ সালের ডিসেম্বরে। অন্য দিকে, বালুরঘাটের ভূমিপুত্র সুকান্ত মজুমদার ১৯৯৯ সাল থেকে সঙ্ঘে টানা কার্যকর্তার দায়িত্ব সামলেছেন। এরই মধ্যে প্রথমে দক্ষিণ দিনাজপুরে রাজুয়া হাইস্কুলে শিক্ষকতা করেন, পরে দার্জিলিং সরকারি কলেজ এবং শিলিগুড়ি মাটিগাড়া আচার্য প্রফুল্লচন্দ্র কলেজে শিক্ষকতা করে গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক হন। তিনি উদ্ভিদবিদ্যার শিক্ষক। রাজনীতিতে সুকান্তের উত্থান ২০১৯-এ। সে বছরই বি জে পি-র টিকিটে বালুরঘাটের সাংসদ নির্বাচিত হন তিনি। গত বছর দলের উত্তরবঙ্গের যুগ্ম আহ্বায়ক করা হয় তাঁকে।

খে লা ধু লো

ইংল্যান্ডের বিরুদ্ধে টেস্ট সিরিজ জয় ভারতের

ইংল্যান্ডের বিরুদ্ধে পাঁচ ম্যাচের টেস্ট সিরিজ ২-১ ফলাফলে জিতে পতৌদি ট্রফি জিতে নিল ভারত। সিরিজের শেষ ম্যাচ ভারতীয় শিবিরে করোনার সংক্রমণের কারণে বাতিল করে দেওয়া হয়। সিরিজের সর্বোচ্চ রান সংগ্রাহক ইংল্যান্ডের অধিনায়ক জো রুট (৫৬৪) এবং সর্বাধিক উইকেটপ্রাপক ইংল্যান্ডের ওলি রবিনসন (২১)।

ভারতীয় দলের প্রধান ফিজিও নীতিন পটেল কোভিড আক্রান্ত হওয়ার পর যোগেশ পারমারকে যুক্ত করা হয়েছিল দলের সঙ্গে। এই পরিবর্ত ফিজিওকে নিয়েই যত কাণ্ড! তিনি করোনা আক্রান্ত হওয়াতেই আতঙ্কিত হয়ে পড়ে গোটা ভারতীয় শিবির। ক্রিকেটারদের প্রত্যেকের আর টি পি সি আর টেস্টের ফল 'নেগেটিভ' এলেও সেই ভয় আর দূর করা যায়নি। তার পরেই ম্যাচ বাতিল বলে ঘোষণা করা হয়।

এক নজরে ফলাফল

● **প্রথম ম্যাচ (ট্রেন্ট ব্রিজ):** ইংল্যান্ড ১৮৩ ও ৩০৩। ভারত ২৭৮ ও ৫২/১। **খেলার ফল:** ম্যাচ ড্র। **ম্যাচের সেরা:** জো রুট (প্রথম ইনিংসে ৬৪, দ্বিতীয় ইনিংসে ১০৯)।

● **দ্বিতীয় ম্যাচ (লর্ডস):** ভারত ৩৬৪ ও ২৯৮/৮ (ডিক্লেয়ার)। ইংল্যান্ড ৩৯১ ও ১২০। **খেলার ফল:** ১৫১ রানে ভারতের জয়। **ম্যাচের সেরা:** লোকেশ রাহুল (প্রথম ইনিংসে ১২৯ রান)।

● **তৃতীয় ম্যাচ (হেডিংলে):** ভারত ৭৮ ও ২৭৮। ইংল্যান্ড ৪৩২। **খেলার ফল:** ইনিংস ও ৭৬ রানে ইংল্যান্ডের জয়)। **ম্যাচের সেরা:** ওলি রবিনসন (ম্যাচে ৬৩ রানে ৭ উইকেট)।

● **চতুর্থ ম্যাচ (ওভাল):** ভারত ১৯১ ও ৪৬৬। ইংল্যান্ড ২৯০ ও ২১০। **খেলার ফল:** ১৫৭ রানে ভারতের জয়)। **ম্যাচের সেরা:** রোহিত শর্মা (দ্বিতীয় ইনিংসে ১২৭)।

● **পঞ্চম ম্যাচ (ওল্ড ট্র্যাফোর্ড):** করোনার কারণে ম্যাচ বাতিল।

এক নজরে নজির

প্রথম ম্যাচ

● আন্তর্জাতিক ক্রিকেটে ইংল্যান্ডের হয়ে সর্বাধিক রানসংগ্রাহক হলেন জো রুট। পেরিয়ে গেলেন অ্যালিস্টেয়ার কুকের ১৫,৭৩৭ রানের (২৫৭ ম্যাচে) নজির। বর্তমানে তাঁর রান ১৬,২৮০।

● টেস্ট ক্রিকেটের সর্বাধিক উইকেটপ্রাপকদের তালিকায় তৃতীয় স্থানে উঠে এলেন জেমস অ্যান্ডারসন। ৬২০টি উইকেট নিয়ে তিনি শ্রীলঙ্কার মুথাইয়া মুরলীধরন (৮০০) ও অস্ট্রেলিয়ার শেন ওয়ার্নের (৭০৮) পরেই রয়েছেন।

দ্বিতীয় ম্যাচ

● অ্যালিস্টেয়ার কুকের পর জো রুট ইংল্যান্ডের দ্বিতীয় ক্রিকেটার যিনি ৯ হাজার রানের মাইলস্টোন স্পর্শ করলেন। দিনের বিচারে তিনি দ্রুততম। কুক নিয়েছিলেন ৯ বছর ৯৩ দিন, রুট নিলেন ৮ বছর ২৪৪ দিন।

● লর্ডসে রোহিত শর্মা-লোকেশ রাহুল জুটি তুলল ১২৬ রান। শেষ বার লর্ডসে ভারতের কোনও ওপেনিং জুটিতে ১০০-র বেশি রান উঠেছিল ১৯৫২ সালে। ভিনু মাঁকড় ও পঙ্কজ রায় ওপেনিং জুটিতে করেছিলেন ১০৬ রান।

● ১২৬ রানে ৮ উইকেট নিয়ে লর্ডসে ভারতীয়দের সেরা পারফরম্যান্স এখন মহম্মদ সিরাজের দখলে। তিনি টপকে গেলেন কপিল দেবকে (৮-১৬৫)।

● টেস্ট-ইতিহাসে ভারত দ্বিতীয় টিম, যারা পঞ্চম দিন লাঞ্চের পরে ডিক্লেয়ার করে টেস্ট জিতল। আগের নজির ছিল নিউজিল্যান্ডের, ১৯৮৪ সালে ক্যান্ডিতে শ্রীলঙ্কার বিরুদ্ধে।

তৃতীয় ম্যাচ

● টসে জিতে ব্যাটিং নিয়ে প্রথম ইনিংসে বিদেশের মাটিতে সর্বনিম্ন রান ভারতের— ৭৮। আগের রেকর্ড ছিল ১৯৭৯ সালে লর্ডসে ইংল্যান্ডের বিরুদ্ধে ৯৬।

● ২৭টি ম্যাচ জিতে ইংল্যান্ডের সফলতম অধিনায়ক হলেন

জো রুট। ৫৫ ম্যাচে নেতৃত্ব দিয়ে এই নজির গড়লেন তিনি। ৫১ ম্যাচের মধ্যে ২৬টিতে জিতে এতদিন ইংল্যান্ডের সফলতম অধিনায়ক ছিলেন মাইকেল ভন।

চতুর্থ ম্যাচ

● ভারতীয় পেসার হিসেবে টেস্টে দ্রুততম ১০০ উইকেট পাওয়ায় নজির গড়লেন যশপ্রীত বুমরা (২৪ টেস্টে)। ভাঙলেন কপিল দেবের কীর্তি (২৫ টেস্টে)।

● ৫০ বছর ১৩দিন পরে ওভালে ফের টেস্ট জিতল ভারত। শেষ জয় ২৪ অগস্ট, ১৯৭১, অজিত ওয়াড়েকরের নেতৃত্বে।

● সফরকারী দল হিসেবে একই টেস্ট সিরিজে লর্ডস এবং ওভালে এই প্রথম টেস্ট জিতল ভারত।

● ষষ্ঠ ভারতীয় ক্রিকেটার হিসেবে ইংল্যান্ডের বিরুদ্ধে টেস্টে ৫০০ রান এবং ৫০টি উইকেট নিলেন রবীন্দ্র জাদেজা।

● ইনিংসের বিচারে (৪৯০) আন্তর্জাতিক ক্রিকেটে দ্রুততম ২৩ হাজার রানের মাইলফলক স্পর্শের নয়া নজির গড়লেন বিরাট কোহলি। ভাঙলেন শচীন তেন্ডুলকরের ৫২২ ইনিংসের রেকর্ড। পাশাপাশি, বিশ্বের সপ্তম ক্রিকেটার হিসেবে তিনি এই নজির গড়লেন। বাকিরা হলেন শচীন তেন্ডুলকর, রিকি পন্টিং, জ্যাক কালিস, কুমার সঙ্গকারা, রাহুল দ্রাবিড় ও মাহেলা জয়বর্ধনে।

● ষষ্ঠ ভারতীয় বোলার হিসেবে ১৫০ উইকেটের মালিক হলেন উমেশ যাদব।

ইউ এস ওপেন জিতলেন রাদুকানু, মেদভেদেভ

ইতিহাস গড়ল এ বারের ইউ এস ওপেন গ্র্যান্ড স্লাম টেনিস প্রতিযোগিতা। পুরুষ ও মহিলা দুই বিভাগেই জয়ীরা এই প্রথম কোনও গ্র্যান্ড স্লাম জিতলেন। পুরুষ বিভাগে জয়ী রাশিয়ার দানিল মেদভেদেভ এবং মহিলা বিভাগে ব্রিটেনের এমা রাদুকানু।

১২ সেপ্টেম্বর রাদুকানু কানাডার লায়লা ফার্নান্ডেজকে হারালেন ৬-৪, ৬-৩ ফলাফলে। ২০০৪-এ রাশিয়ার মারিয়া শারাপোভার উইম্বলডন জয়ের পরে সর্বকনিষ্ঠ খেলোয়াড় হিসেবে গ্র্যান্ড স্লাম জিতলেন তিনি। রাদুকানুর বয়স মাত্র ১৮ বছর। এরই সঙ্গে কাটল ৪৪ বছরের খরা। ১৯৭৭-এ ভার্জিনিয়া ওয়েড ব্রিটেনের কোনও মহিলা খেলোয়াড় হিসেবে শেষ বার গ্র্যান্ড স্লাম জিতেছিলেন। তার

পর এদিন জিতলেন রাদুকানু। কিংবদন্তি বিলি জিন কিংয়ের হাত থেকে ট্রফি নিয়ে আবেগে আপ্লুত রাদুকানুর প্রতিক্রিয়া, 'বিশ্বাসই করতে পারছি না আমি জিতেছি।' ব্রিটেনের রানি দ্বিতীয় এলিজাবেথ অভিনন্দন জানিয়ে তাঁকে এক চিঠিতে লিখেছেন, 'যুক্তরাষ্ট্র ওপেন জেতার জন্য অভিনন্দন। এত অল্প বয়সে এই জয় অসাধারণ এক সাফল্য। তোমার পরিশ্রম, দায়বদ্ধতার পরিচয় বহন করছে এই জয়। আমার কোনও সন্দেহ নেই, তোমার এবং লায়লা ফার্নান্ডেজের অসাধারণ পারফরম্যান্স আগামী প্রজন্মের টেনিস খেলোয়াড়দের অনুপ্রাণিত করবে।'

অন্য দিকে, নোভাক জকোভিচের ক্যালেন্ডার স্লাম (বছরের সবক'টি স্লাম জয়) আটকে দিলেন দানিল মেদভেদেভ। ১৯৬৯ সালের পর ফের ক্যালেন্ডার স্লাম দখলের সুযোগ ছিল সার্বিয়ার তারকার সামনে। এ বছরের ২৭টি গ্র্যান্ড স্লাম ম্যাচে, হার্ড কোর্ট হোক, কি ক্লে কোর্ট বা ঘাসের কোর্ট, জকোভিচকে হারানো যায়নি। ফ্লাশিং মিডোজে আর এক ম্যাচ জিতলেই রজার ফেডেরার ও রাফায়েল নাদাল দু'জনের সর্বাধিক ২০টি গ্র্যান্ড স্লামের রেকর্ডও ভেঙে ফেলতেন জকোভিচ। কিন্তু তীরে এসে তরী ডুবল। ১৩ সেপ্টেম্বর স্ট্রেট সেটে হার মানলেন তিনি। হারলেন ৪-৬, ৪-৬, ৪-৬ ফলাফলে। প্রথম গ্র্যান্ড স্লাম জিতলেন মেদভেদেভ। গত ফেব্রুয়ারিতে অস্ট্রেলিয়ান ওপেনে মেদভেদেভের বিরুদ্ধে জিতেই ক্যালেন্ডার স্লামের স্বপ্ন দেখা শুরু হয়েছিল জকোভিচের। এদিন ম্যাচের শেষে মেদভেদেভ বলেন, 'জকোভিচের বিরুদ্ধে প্রতিটা ম্যাচই আলাদা রকমের। ওকে আটকানোর একটা পরিকল্পনা ছিল আমার। সেটা কাজে এসেছে।'

এক নজরে অন্যান্য খেতাব

● **পুরুষ ডাবলস:** আমেরিকার রাজীব রাম ও ব্রিটেনের জো সালিসবারি জুটি ৩-৬, ৬-২, ৬-২ ফলাফলে হারালেন ব্রিটেনের জেমি মারে ও ব্রাজিলের ব্রুনো সুয়ারেস জুটিকে।

● **মহিলা ডাবলস:** অস্ট্রেলিয়ার সামান্থা স্টোসুর ও চিনের ঝ্যাং সুয়েই জুটি ৬-৩, ৩-৬, ৬-৩ ফলাফলে হারালেন আমেরিকার কোক গফ ও ক্যাটি ম্যাকনালি জুটিকে।

● **মিক্সড ডাবলস:** আমেরিকার ডেজিরায়ে ক্রজিক ও আমেরিকার জো সালিসবারি জুটি ৭-৫, ৬-২ ফলাফলে হারালেন মেক্সিকোর গিউলিয়ানা ওলমোস ও এল সালভাদোরের মার্সেলো অ্যারেভ্যালো জুটিকে।

● **বয়েজ সিঙ্গলস:** স্পেনের ড্যানিয়েল রিনসন ৬-২, ৭-৬(৮-৬) ফলাফলে হারালেন শ্যাং জাংচেনকে।

● **গার্লস সিঙ্গলস:** আমেরিকার রবিন মন্টগোমেরি ৬-২, ৬-৪ ফলাফলে হারালেন বেলারুশের ক্রিশ্চিনা দিব্রুককে।

ফের বিশ্বসেরা পঙ্কজ আডবাণী

ফের স্নুকারে বিশ্বচ্যাম্পিয়ন হলেন পঙ্কজ আডবাণী। এই নিয়ে ২৪ বার। ২১ সেপ্টেম্বর দোহায় স্নুকার বিশ্বকাপ ফাইনালে পাকিস্তানের বাবর মাসিহকে হারিয়ে খেতাব জিতলেন তিনি।

এদিন ফাইনালে ওপেনিং ফ্রেমেই তিনি পাক প্রতিপক্ষের বিরুদ্ধে ৪২-১৩ স্কোরে জিতে যান। বাবর অবশ্য দ্বিতীয় ফ্রেমে ৩৮-১৪ স্কোরে সমতা ফেরান। কিন্তু পঙ্কজ তৃতীয় ও চতুর্থ ফ্রেম জিতে খুব অল্প সময়ের মধ্যেই ৩-১ এগিয়ে যান। তার পরেও বাবর হাল ছাড়েননি। এমনকী একটা সময় আবার তিনি ভারতীয় তারকার সঙ্গে এক বিন্দুতে চলে আসেন। শেষ পর্যন্ত অবশ্য খেলার চূড়ান্ত লগ্নে অসাধারণ ৩২ ব্রেক অফের সৌজন্যে পঙ্কজ তাঁর ২৪তম বিশ্ব খেতাব ৭-৫ স্কোরে নিশ্চিত করে ফেলেন। আপ্লুত পঙ্কজ প্রতিক্রিয়ায় জানান, 'মনে হচ্ছে স্বপ্ন দেখছি।'

উল্লেখ্য, ১৬ সেপ্টেম্বর ইরানের আমির সরখোশকে ৬-৩ ফলাফলে হারিয়ে এশিয়ান স্নুকার চ্যাম্পিয়নশিপ খেতাবও জেতেন পঙ্কজ আডবাণী। এটি তাঁর এগারো নম্বর এশীয় খেতাব। গত বারেরও (২০১৯) চ্যাম্পিয়ন ছিলেন তিনি। ইয়াসিন মার্চেন্ট, অলোক কুমার ও আদিত্য মেহতার পর চতুর্থ ভারতীয় হিসেবে এই খেতাব জিতলেন তিনি।

জোড়া গোল করে নজির রোনাল্ডোর

ইরানের আলি দাইকে টপকে জাতীয় দলের হয়ে সবচেয়ে বেশি গোল (১১১টি) করার কীর্তি গড়লেন পর্তুগালের অধিনায়ক ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। এত দিন পুরুষদের ফুটবলে ১০৯টি গোলের সুবাদে যুগ্ম ভাবে শীর্ষে ছিলেন পর্তুগিজ মহাতারকা ও ইরানের আলি দাই। ২ সেপ্টেম্বর বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বের ম্যাচে আয়ারল্যান্ডের বিরুদ্ধে জোড়া গোল করে শীর্ষে পৌঁছে গেলেন রোনাল্ডো।

এদিন ম্যাচের ৪৫ মিনিটে জন এগানের গোলে এগিয়ে যায় আয়ারল্যান্ড। ম্যাচের একেবারে শেষ লগ্নে (৮৯ মিনিটে) হেডে গোল করে ১-১ করেন রোনাল্ডো। সংযুক্ত সময়ের ৬ মিনিটে ফের হেডে ২-১ করেন তিনি। আয়ারল্যান্ডের বিরুদ্ধে শুরুতেই অবশ্য পেনাল্টি নষ্ট করেছিলেন সি আর সেভেন। ম্যাচের পরে গণমাধ্যমে রোনাল্ডো লিখেছেন, 'অনেক রেকর্ড ভেঙেছি। কিন্তু এটা বিশেষ নজির। দেশের হয়ে খেলতে নামাটা আমার কাছে অন্য আবেগের ব্যাপার।'

উল্লেখ্য, এই তালিকায় তিন নম্বরে রয়েছেন মালয়েশিয়ার মোখতার দাহারি (৮৯টি)। ৭৭টি গোল করে ব্রাজিলের পেলে রয়েছেন সাত নম্বরে। আর্জেন্তিনার লিওনেল মেসি ৭৬টি গোল করে সংযুক্ত আমিরশাহির আলি মাবখউতের সঙ্গে যুগ্ম ভাবে রয়েছেন আট নম্বরে। ভারতের অধিনায়ক সুনীল ছেত্রী ৭৫টি গোল করে জাপানের কুনিশিগে কামামোতো ও কুয়েতের বাশার আবদুল্লাহর সঙ্গে তালিকায় দশ নম্বরে রয়েছেন।

টি-টোয়েন্টির অধিনায়কত্ব ছাড়লেন বিরাট কোহলি

বিশ্বের ক্রিকেট মহলে আলোড়ন ফেলে দিয়ে টি-টোয়েন্টি অধিনায়কত্ব থেকে সরে দাঁড়ালেন বিরাট কোহলি। ১৬ সেপ্টেম্বর টুইটারে এই ঘোষণা করে তিনি জানিয়েছেন, তিন ধরনের ক্রিকেটে নেতৃত্ব দেওয়ার ধকল কমাতে চাইছেন তিনি। তাই কুড়ি ওভারের অধিনায়কত্ব ছাড়ছেন, চালিয়ে যেতে চান টেস্ট এবং ওয়ান ডে দলের নেতৃত্ব।

বিবৃতিতে তিনি বলেছেন, 'ভারতীয় ক্রিকেট দলের অধিনায়ক হিসেবে যাঁরা আমাকে সমর্থন করেছেন, তাঁদের ধন্যবাদ। দলের ছেলেরা, কোচ, তাঁর সহকারী ও নির্বাচকদের সাহায্য ছাড়া এই দায়িত্ব সামলানো সম্ভব হত না। উল্লেখ করতে হবে প্রতিটি ভারতবাসীর কথাও। যাঁরা আমাদের জয়ের জন্য প্রার্থনা করেন। এ ক্ষেত্রে শারীরিক ও মানসিক পরিশ্রম একটা বড় ব্যাপার। গত ৮-৯ বছর ধরে যা প্রবল ভাবে করতে হয়েছে আমাকে। তিন ধরনের ক্রিকেটেই খেলার পাশাপাশি গত ৫-৬ বছর এই তিন ধরনের ক্রিকেটেই অধিনায়কত্ব করেছি। এবার মনে হচ্ছে টেস্ট ও ওয়ান ডে ক্রিকেটেই অধিনায়কত্ব করার জন্য মনোনিবেশ করতে হবে।'

সংযুক্ত আরব আমিরশাহিতে আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপের পরই অধিনায়কত্ব থেকে সরে দাঁড়াবেন কোহলি। উত্তরসূরি হওয়ার দৌড়ে সবচেয়ে এগিয়ে রয়েছেন রোহিত শর্মা।

প্রসঙ্গত, ২০১৭ সালে ইংল্যান্ডের বিরুদ্ধে টি-টোয়েন্টি ফর্ম্যাটে অধিনায়ক হিসেবে আত্মপ্রকাশ কোহলির। সেনা (এস ই এন এ) দেশগুলিতে এক মাত্র ভারতীয় অধিনায়ক হিসেবে দ্বিপাক্ষিক সিরিজ জিতেছেন তিনি। ২০২০ সালে নিউজিল্যান্ডের বিরুদ্ধে ৫-০, অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ২-১, ২০১৮ সালে ইংল্যান্ডের বিরুদ্ধে ২-১ এবং দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ২-১ ফলে তাঁর নেতৃত্বে জেতে ভারত। টি-টোয়েন্টিতে অধিনায়ক হিসেবে দ্রুততম হাজার রানের (৩০ ইনিংস) নজির রয়েছে কোহলিরই দখলে। পাশাপাশি, সফল টি-টোয়েন্টি অধিনায়কদের তালিকায় বিরাট কোহলি রয়েছেন দু'নম্বরে। শীর্ষে আফগানিস্তানের আসগর আফগান। কোহলি ৪৫টি ম্যাচে নেতৃত্ব দিয়ে ২৯টিতে জিতেছেন। হার ১৪টিতে, ফল হয়নি ২টি ম্যাচে। জয়ের হার ৬৪.৪৪ শতাংশ।

বি জ্ঞা ন

জিনরহস্য সমাধানে পুরস্কৃত ভারতীয় বংশোদ্ভূত

জিনের রহস্য বিজ্ঞানের অন্যতম জটিল এক বিষয়। সেই জটিল রহস্যকেই দ্রুত গতিতে বিশ্লেষণের (জিনোম সিকোয়েন্স) স্বীকৃতি হিসেবে ব্রেকথ্রু পুরস্কার পেলেন ভারতীয় বংশোদ্ভূত রসায়নবিদ শঙ্কর বালসুব্রমনিয়ান।

কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের এই অধ্যাপক অবশ্য এই প্রথম নয়, এর আগেও একাধিক পুরস্কার পেয়েছেন। ব্রিটেনের রানির কাছ থেকে ২০১৭ সালে 'নাইটহুড' সম্মানও পেয়েছেন। তবে নোবেল যদি বিজ্ঞান সাধনার সর্বোচ্চ স্বীকৃতি হয়, তা হলে ব্রেকথ্রু পুরস্কার তার থেকে খুব বেশি পিছিয়ে থাকবে না। অর্থমূল্যের নিরিখে তো এই পুরস্কার নোবেলের থেকেও দামি। ২০১২ সালে এই পুরস্কার পেয়েছেন ভারতীয় পদার্থবিদ অধ্যাপক অশোক সেন। শঙ্কর বালসুব্রমনিয়ানের সঙ্গে এ বছর যৌথ ভাবে এই পুরস্কার পেলেন কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়েরই আরেক বিজ্ঞানী স্যার ডেভিড ক্লেনারম্যান।

আদতে চেন্নাইয়ে জন্ম হলেও শঙ্করের শৈশব কেটেছে ব্রিটেনেই। কেম্ব্রিজ থেকে স্নাতকোত্তর এবং পি এইচ ডি-র পাঠ শেষ করে পাড়ি দেন আমেরিকায়। সে দেশের পেনসিলভেনিয়া বিশ্ববিদ্যালয়ে গবেষণা করার পর ব্রিটেনে ফিরে ১৯৯১ সালে কেম্ব্রিজেই শিক্ষকতা শুরু করেন। বিজ্ঞানী মহলে নিউক্লিক অ্যাসিড সংক্রান্ত গবেষণায় শঙ্কর এক জন পথিকৃৎ হিসেবেই স্বীকৃত। ২০১২ সালে রয়্যাল সোসাইটির ফেলো হওয়ার পিছনেও নিউক্লিক অ্যাসিডের গবেষণাই ছিল মুখ্য কারণ। ব্রেকথ্রু পুরস্কার কমিটি জানিয়েছে, জিনের রহস্য ভেদ করার গতি বহু গুণ বাড়িয়ে দিয়েছে শঙ্করের গবেষণা। যে-রহস্য ভেদ করতে ১০ বছর ও কয়েক লক্ষ ডলার প্রয়োজন হত, শঙ্কর তা এক ঘণ্টায় করার পথ দেখিয়েছেন। এতে খরচ পড়বে এক হাজার ডলার। জিন সংক্রান্ত গবেষণায় যা তেমন বড় মাপের খরচই নয়।

(কুমিল্লার ঘটনা) সবটাই চক্রান্ত। দেশের উন্নয়নের পথে বাধা হয়ে দাঁড়ানোর একটা অপচেষ্টা চালিয়ে যাচ্ছে একাংশ। যারা জনগণের আস্থা ও বিশ্বাস অর্জন করতে পারে না, যাদের কোনও রাজনৈতিক আদর্শ নেই, তারাই এমন ঘটনা ঘটায়। এটা তথ্য-প্রযুক্তির যুগ। হামলায় যারা জড়িত, তাদের ঠিক খুঁজে বার করা হবে।

শেখ হাসিনা, *বাংলাদেশের প্রধানমন্ত্রী*

বাংলাদেশের কট্টরপন্থীদের একাংশের তাণ্ডবে সে দেশে দুর্গোৎসবের সম্প্রীতি নষ্ট হওয়া প্রসঙ্গে

সব দেশেরই উচিত অন্য দেশের সার্বভৌমত্বকে সম্মান করা। এই মুহূর্তে গোটা বিশ্বের সামনে সবচেয়ে বড় চ্যালেঞ্জ শান্তি এবং স্থিতাবস্থা বজায় রাখা। আর সেই শান্তি স্থাপনের ক্ষেত্রে মৌলবাদ আর কট্টরপন্থা সবচেয়ে বড় বাধা। আফগানিস্তানের দৃষ্টান্ত তো আমাদের হাতের সামনেই রয়েছে।

নরেন্দ্র মোদী, *ভারতের প্রধানমন্ত্রী*

সাংহাই কো-অপারেশন অর্গানাইজেশনের (এসসিও) ভার্চুয়াল বৈঠকে যোগ দিয়ে

ইস্ট ইন্ডিয়া কোম্পানি যেমন ভারতের সম্পদ লুঠ করেছিল, উন্নয়নশীল বিশ্বের ধনীরাও তাই করছে। দুর্ভাগ্য হল, ধনী দেশগুলি এই বড় লুঠ রোখা বা লুঠের টাকা ফিরিয়ে দেওয়াতেও আগ্রহী নয়।

ইমরান খান, *পাকিস্তানের প্রধানমন্ত্রী*

প্যান্ডোরা পেপারস প্রসঙ্গে বলতে গিয়ে

বিজেপি নিজেদের হিন্দু দল বলে দাবি করে। কিন্তু এরা কী প্রকারের হিন্দু, এরা ভুয়ো হিন্দু। আসলে এরা ধর্মের দালালি করে। এরা হিন্দু হতে পারে না।

রাহুল গান্ধী, *কংগ্রেস সাংসদ*

বিজেপির বিরুদ্ধে ধর্মের নামে দালালির অভিযোগ তুলে

আমার রাজ্য ও রাজ্যবাসীর ভবিষ্যৎ সুনিশ্চিত করার আগে বিশ্রাম নেব না। পাঞ্জাবের রাজনৈতিক স্থিতাবস্থা ও সুরক্ষা চাই। কথা দিচ্ছি, রাজ্যের শান্তি ও নিরাপত্তার জন্য সব করব।

অমরিন্দর সিং, *পাঞ্জাবের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও দলত্যাগী কংগ্রেস নেতা*

নিজের পরবর্তী কর্মসূচি প্রসঙ্গে

ভারতের অন্য কোনও ভাষার সঙ্গে হিন্দির কোনও প্রতিযোগিতা নেই। হিন্দি আসলে সব ভারতীয় ভাষারই বন্ধু। সহাবস্থানের মাধ্যমেই তার প্রসার সম্ভব।

অমিত শাহ, *কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী*

দেশ জুড়ে হিন্দি ভাষার ব্যবহার বাধ্যতামূলক করার পরিকল্পনা থেকে সরে এসে

চিনের দিকে এখন নজর রাখা দরকার। আফগানিস্তানে চিনের সক্রিয়তা বাড়বে। কারণ সেখানে বসে ভারতের বিরুদ্ধে পাকিস্তানকে আরও মজবুত করে তোলার কাজটা ওদের পক্ষে সহজ হবে।

নিকি হ্যালি, *রাষ্ট্রপুঞ্জের প্রাক্তন মার্কিন দূত*

আফগানিস্তানের মাটি ব্যবহার করে, পাকিস্তানকে কাজে লাগিয়ে, চিন ভারতের বিরুদ্ধে কোনও চক্রান্ত করতে পারে এই অভিযোগ তুলে

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ব্যাঙ্ক, রেলওয়ে, বিমানবন্দর, বিদ্যুৎ— সব বেচতে 'সেল অব ইন্ডিয়া' বোর্ড লাগিয়েছেন। আমরা সেগুলোর কথাই সাধারণ মানুষের কাছে তুলে ধরব।

রাকেশ টিকায়েত, *কৃষক নেতা*

উত্তরপ্রদেশ ও উত্তরাখণ্ডের আসন্ন বিধানসভা ভোটের দিকে তাকিয়ে বিজেপির বিরুদ্ধে প্রচার শুরু করে

মুসলিম হিসেবে ভারতের কাশ্মীরে বা অন্য দেশের মুসলিমদের অধিকারের পক্ষে আওয়াজ তোলার অধিকার আমাদের রয়েছে। আমরা সেই দেশের সরকারকে বলতে চাই মুসলিমরাও তোমাদের নাগরিক, তাদেরও সমানাধিকার প্রাপ্য।

সুহেল শাহিন, *আফগানিস্তানের তালিবান মুখপাত্র*

বেশ কিছু জঙ্গি সংগঠন কাশ্মীর প্রশ্নে তালিবানকে পাশে চাওয়ার পর

এই সরকার চাষিদের উপর যে অত্যাচার করছে, তেমন ভয়ঙ্কর অত্যাচার ব্রিটিশরাও চাষিদের উপর করতে পারত না। কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী অজয় মিশ্র ও উপমুখ্যমন্ত্রীর পদত্যাগ করা উচিত।

অখিলেশ যাদব, *উত্তরপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী*

লখিমপুরে কৃষক-ক্ষোভ দমন প্রসঙ্গে

সংবাদ নিবন্ধ

বিশ্ব খাদ্য সূচকের শোচনীয় ফলাফল

কৌশিক বন্দ্যোপাধ্যায়

বিশ্ব ক্ষুধা সূচকে ১১৬টি দেশের তালিকায় ভারতের স্থান হয়েছে ১০১ নম্বরে। এই তালিকা তৈরি করে রাষ্ট্রপুঞ্জের খাদ্য ও কৃষি সংক্রান্ত সংস্থা— ফুড অ্যান্ড এগ্রিকালচার অর্গানাইজেশন। সম্প্রতি তারা 'দ্য স্টেট অব ফুড সিকিউরিটি অ্যান্ড নিউট্রিশন ইন দ্য ওয়ার্ল্ড ২০২১' শীর্ষক তাদের প্রতিবেদনটি প্রকাশ্যে এনেছে। এই প্রতিবেদনে অপুষ্টি, শারীরিক বিকাশ, শিশুমৃত্যুর হার ইত্যাদি নানা সূচকের নিরিখে পৃথিবীর ১১৬টি দেশের ক্রমতালিকায় ভারতের লজ্জাজনক অবস্থান বাকি পৃথিবীকে কেবল নাড়া দিয়ে গিয়েছে তাই নয়, ভারতের জনস্বাস্থ্য বিষয়ে সকলকে রীতিমতো আতঙ্কগ্রস্তও করে তুলেছে। যে-আর্থিক বিকাশ নিয়ে এত ঢক্কানিনাদ, তার সুষম বণ্টন, উপযোগিতা এবং সামগ্রিক সাফল্য নিয়েও এবার প্রশ্ন উঠবে।

এমন নয় যে, বিশ্ব ক্ষুধা সূচকে ভারতের অবস্থান বরাবর খুব উঁচু স্থানে ছিল। গত বছর এই একই তালিকায় ভারত ১০৭টি দেশের মধ্যে ৯৪তম স্থানে ছিল। কিন্তু ২০২১-এর তালিকায় ভারতের পক্ষে সবচেয়ে দুর্ভাগ্যজনক তথ্য হল এই, যে, নেপাল, বাংলাদেশ, মায়ানমার এবং পাকিস্তানের মতো প্রতিবেশী এশীয় দেশগুলিও ভারতকে পিছনে ফেলে এগিয়ে গিয়েছে। বিশ্ব ক্ষুধা সূচকে এদের অবস্থান যথাক্রমে ৭৬, ৭৬, ৭১ এবং ৯২ নম্বরে। ভারতের থেকে পিছিয়ে একমাত্র বর্তমানে গৃহযুদ্ধে জেরবার আফগানিস্তান আর আফ্রিকার কিছু দেশ।

পৃথিবীর বিভিন্ন দেশে ক্ষুধা তথা অপুষ্টির সাম্প্রতিকতম চেহারাটি ধরা পড়ে এই তালিকায়। যেসব সূচকের ভিত্তিতে এই তালিকা তৈরি হয়, তার মধ্যে রয়েছে, যথাযথ পুষ্টির অভাব, শিশুদের বয়সের তুলনায় কম উচ্চতা এবং বয়সের তুলনায় কম ওজন, শিশুমৃত্যুর হার ইত্যাদি। প্রতিবেদনে দেখা যাচ্ছে, দেশে শিশুমৃত্যুর হার সামান্য কমলেও, বয়সের তুলনায় কম ওজন ও উচ্চতার হারে গত বছরের তুলনায় কোনওই পরিবর্তন ঘটেনি।

এটা ঘটনা, গোটা ২০২০ সাল করোনা অতিমারিতে ছারখার হয়ে গিয়েছে দেশ। কিন্তু এই বৈশ্বিক অতিমারি ক্ষুধার তালিকাভুক্ত সব দেশেই তার থাবা বসিয়েছে। কাজেই একা ভারত তাতে সর্বাধিক ক্ষতিগ্রস্ত তেমনটা ভাবার কোনও কারণ নেই। দেশের জাতীয় আয়, উৎপাদনশীলতা, বাজারের চাহিদা সংক্রান্ত তথ্য হতাশাব্যঞ্জক হলেও শেয়ার বাজার নজিরবিহীন ভাবে তেজি এবং দেশের প্রথম সারির ব্যবসায়ীরা এ পর্যায়ে প্রভূত লাভবান, এমনটাই বলছে সাম্প্রতিক পরিসংখ্যান। এখন প্রশ্ন হল, আর্থিক বিকাশের আপাত সংজ্ঞা যদি হয় এই, তাহলে অপুষ্টির এই আন্তর্জাতিক হিসাব কোন অগ্রগতির সাক্ষ্য দিচ্ছে?

একসময় আর্থিক ভাবে দ্রুত বিকাশশীল দেশ হিসেবে কাগজে-কলমে চিনকেও ছাপিয়ে যেতে থাকা দেশের সরকারের পক্ষে রাষ্ট্রপুঞ্জের এই সূচক খুব স্বস্তিদায়ক নয়। ফলে বড় মুখে নিজেদের সাফল্যের প্রচারে বেশি ব্যস্ত থাকা কেন্দ্রীয় সরকার হঠাৎ কোনও ধাক্কা খেলে সাধারণত যেভাবে তা প্রতিহত করে থাকে, এই প্রতিবেদন প্রকাশ্যে আসার পর তার কোনও অন্যথা হয়নি। কেন্দ্রীয় সরকারের মহিলা ও শিশু উন্নয়ন দপ্তরের দেওয়া বিবৃতিও তাই বিশেষ

অবাক করে না। বিবৃতিতে বলা হয়েছে, এই সূচক গুরুতর পদ্ধতিগত ত্রুটিতে পূর্ণ। ফলে, বাস্তবতা থেকে বহু দূরে। সাক্ষাৎকারের ভিত্তিতে প্রস্তুতির দরুন তথ্য হিসেবে মোটেই নির্ভরযোগ্য নয়।

একথা ঠিক, খাদ্য নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে সাধারণ মানুষের অভিজ্ঞতা বুঝতে একটি সমীক্ষা চালান বিশ্ব ক্ষুধা সূচকের প্রস্তুতকারীরা। তবে, সমীক্ষার ফল সূচক প্রস্তুতিতে ব্যবহার করা হয়নি। অপুষ্টি-সংক্রান্ত বিভিন্ন তথ্য ও পরিসংখ্যানের ভিত্তিতে যেভাবে এই তালিকা প্রতি বছর তৈরি হয়, এবারও সে পদ্ধতিই অনুসৃত হয়েছে। গত এক দশকেরও বেশি সময় ধরে প্রতি বছর ক্ষুধা-সূচক প্রকাশিত হচ্ছে। এর আগে কেন্দ্রীয় সরকারকে পদ্ধতিগত বা অন্য কোনও ত্রুটি নিয়ে মন্তব্য করতে শোনা যায়নি। এবার ফলাফলে প্রতিবেশী সব দেশের চেয়ে পিছিয়ে পড়তেই বিশ্ব-সূচকের নির্ভরযোগ্যতা নিয়ে প্রশ্ন তোলা শুরু হয়েছে। তবে এতে আশ্চর্যের কিছু নেই। নিজেদেরই বানানো বেকারত্বের রিপোর্ট অনুকূলে না যাওয়ায় তাকে হিমঘরে পাঠানোর বিরল নজির তাঁরা আগেই স্থাপন করেছেন।

কেন্দ্রীয় সরকারের মন্তব্য প্রমাণ করে, এহেন ফলাফলে বিমর্ষ হওয়া তো দূর, সতর্ক ও সাবধান হতেও তাঁরা ভুলে গিয়েছেন, বরং প্রচারের মাধ্যমে ভাবমূর্তিকে সুরক্ষিত রাখাই তাঁদের কাছে প্রধান অগ্রাধিকার হয়ে দাঁড়িয়েছে।

বিশ্ব ক্ষুধা সূচকে ভারতের অবস্থান, ভারতের বর্তমান আর্থিক নীতির কর্কশ প্রতিফলন ছাড়া কিছু নয়। স্পষ্টতই, সেই আর্থিক নীতির অভিমুখ গুটিকয় প্রভাবশালী প্রথম সারির ব্যবসায়ী গোষ্ঠীর দিকে। তাদেরই অনেকে ব্যাঙ্কঋণ অনাদায়ী রেখে প্রবাসে পালিয়েছেন, নয়তো ঝাঁপ ফেলেছেন ব্যবসায়। অন্য দিকে, শূন্য রাজকোষ ভরাতে সরকার ভরসা রেখেছেন শীর্ষ ব্যাঙ্কের সঞ্চয়ে, পেট্রল-ডিজেলের উপর বসানো চড়া সেস ও ট্যাক্সে, বর্তমানে ঢালাও বেসরকারিকরণ এবং লিজে সরকারি সম্পদ হস্তান্তরের উপর। কর মকুব করে ঋণগ্রস্ত বেসরকারি সংস্থাকে নতুন জীবন দিতে যতটা পাশে দাঁড়িয়েছে সরকার, তেমন বন্ধুবাৎসল্য সচরাচর দুর্লভ। যদিও রাজকোষ ঘাটতির কথা মনে করিয়ে দিয়ে ব্যয়বরাদ্দ কাটছাঁট করার সময় বাজেটে প্রথম কোপটি পড়েছে জনকল্যাণমূলক প্রকল্পগুলির উপর।

২০২১-২২-এর বাজেটে স্বাস্থ্যখাতে বরাদ্দ অনেকটাই বেড়েছে, প্রায় ১৩৭ শতাংশ। কিন্তু বিশ্লেষণ করলে দেখা যাবে, ২,২৩,৮৪৬ কোটি টাকার বরাদ্দে স্বাস্থ্যখাতে প্রকৃত বৃদ্ধি আগের বছরের বাজেটের তুলনায় মাত্র ৭০০০ কোটি টাকা। সেটাও আবার ২০২০-২১-এর সংশোধিত বাজেট বরাদ্দের চেয়ে ৯.৮ শতাংশ কম। কেন্দ্রীয় সরকারের বহুচর্চিত আয়ুষ্মান ভারত খাতে গতবারের চেয়ে একটি টাকাও বেশি বরাদ্দ করা হয়নি। ৩৫ হাজার কোটি টাকা কোভিড প্রতিষেধকের জন্য সরিয়ে রাখা হয়েছে। সবচেয়ে তাৎপর্যপূর্ণ, স্বাস্থ্যখাতে ঢুকিয়ে নেওয়া হয়েছে মহিলা ও শিশুকল্যাণ দপ্তরের গুরুত্বপূর্ণ পোষণ অভিযান প্রকল্প, জল মন্ত্রকের জল জীবন মিশন (আর্বান) প্রভৃতিকে। এতে স্বাস্থ্যখাতে বরাদ্দটা মোটের উপর বেশি দেখাচ্ছে।

বাস্তবে, পোষণ যোজনায় বাজেট বরাদ্দ, ২০২০-২১-এর তুলনায় ১ হাজার কোটি টাকা কমে গেছে। সাপ্লিমেন্টারি নিউট্রিশন প্রোগ্রামের সঙ্গে পোষণ অভিযানকে জুড়ে 'মিশন পোষণ ২' নাম দিয়ে ২০২১-২২-এর বাজেটে বরাদ্দ করা হয়েছে ২,৭০০ কোটি টাকা। পোষণ যোজনা ক্ষুধা-সূচকের ফলাফলের সঙ্গে সরাসরি সম্পর্কযুক্ত। ২০১৭-১৮ সালে শুরু হওয়া এই প্রকল্পের উদ্দেশ্য ছিল, শূন্য থেকে ৬ বছর পর্যন্ত শিশুর বয়স অনুযায়ী উচ্চতার ত্রুটি ২০২২-এর মধ্যে ৩৮.৪ শতাংশ থেকে ২৫ শতাংশে নামিয়ে আনা। বিশ্ব-ক্ষুধার তালিকা তৈরিতে বয়স অনুযায়ী উচ্চতা একটি গুরুত্বপূর্ণ সূচক।

একইভাবে অঙ্গনওয়াড়ি প্রকল্প এবং পোষণ অভিযানের সঙ্গে অন্যান্য কল্যাণ প্রকল্পগুলিকে মিশিয়ে দেওয়া হয়েছে, যাতে আলাদা করে এই প্রতিটি প্রকল্পে নামমাত্র বাজেট বরাদ্দ বা কাটছাঁট সহজে ধরা না পড়ে। বস্তুত সামাজিক কল্যাণ বিষয়ে কেন্দ্রীয় সরকারের এই অবহেলা ও উদাসীনতার ছবিটাই ক্ষুধা-সূচকে পরিসংখ্যানের মধ্য দিয়ে দেখতে পাচ্ছে বিশ্ববাসী। তাছাড়া এমন তো নয় যে, বিশ্ব ক্ষুধা-সূচকই প্রথম সরকারি অকর্মণ্যতাকে সামনে আনল। ঘরোয়া ভাবে ঢের আগেই খোদ সরকারি দপ্তরের প্রস্তুত করা পঞ্চম জাতীয় পরিবার-স্বাস্থ্য সমীক্ষার প্রতিবেদনে প্রকাশ পেয়েছিল এক করুণ পরিসংখ্যান— দেশের ২২টি রাজ্যে ৬-২৩ মাস বয়সি ৫.৯ থেকে ২৯ শতাংশ (রাজ্য ভেদে) শিশুই কেবল যথেষ্ট পুষ্টিকর খাবার খেতে পায়। বাকিরা পায় না। ১৭টি রাজ্যের মধ্যে ১১টিতে বয়সের সঙ্গে উচ্চতা এবং ১৩টিতে বয়সের সঙ্গে ওজনের বৈসাদৃশ্য উদ্বেগজনক ভাবে বেড়েছে। যা যথাক্রমে ধারাবাহিক অপুষ্টি এবং চূড়ান্ত অপুষ্টির নির্ধারক। বিহারে এবং এমনকী আর্থিক বিকাশের মডেল হিসেবে প্রচারিত গুজরাতে পাঁচ বছরের নীচে অন্তত ৪০ শতাংশ শিশুর ওজন স্বাভাবিকের চেয়ে কম।

সন্দেহ নেই ২০১৯-২০-র এই পরিসংখ্যানকে আরও বিড়ম্বিত করেছে কোভিড পরিস্থিতি। দেশের গুদামগুলিতে চাল-ডাল উদ্বৃত্ত ঠিকই, তবে কেবল চাল-ডালই তো পুষ্টি জোগাবে না, শিশুদের যথাযথ পুষ্টির জন্য প্রাণিজ-প্রোটিন এবং ভিটামিন-এ সমৃদ্ধ খাবারেরও গুরুত্ব আছে। বহু মানুষ এই অতিমারির সময়ে কাজ হারিয়েছেন। অর্থনীতির যে-পর্যায়ে তাঁরা অবস্থান করতেন, সেখান থেকে সহসা অবনমন ঘটেছে। দৈনন্দিন চাহিদা, এমনকী খাবারদাবারেও কাটছাঁট করতে বাধ্য হতে হয়েছে। অথচ সরকার নিজমুখেই স্বীকার করেছেন, দেশে কোভিড পরিস্থিতিতে কত জন কাজ হারিয়েছেন তার কোনও পরিসংখ্যান তাঁদের কাছে নেই। এই অবস্থায় প্রকৃত প্রয়োজন যার, তার কাছে ত্রাণ পৌঁছতে পারছে কিনা সেও স্পষ্ট নয়। অঙ্গনওয়াড়ি এবং প্রাথমিক স্কুল বন্ধ থাকায় সরকারের দেওয়া রান্না করা পুষ্টিকর খাবার থেকেও ছেলেমেয়েরা বহু দিন বঞ্চিত। এই পরিস্থিতিতে বিশ্বমঞ্চে মুখ রক্ষা করতে হবে বলে কেন্দ্রীয় সরকারের হাস্যকর প্রতিরোধমূলক আচরণ ও বিবৃতি, অমানবিক শুধু নয়, অপেশাদার।

কবীর সুমন তাঁর একটি গানে লিখেছিলেন, 'কেউ যদি বেশি খাও, খাবার হিসেব নাও, কেন না অনেক লোক ভালো করে খায় না!' এই অমোঘ বাক্যগুলিকেই পরিসংখ্যান, মানবিকতা এবং নতুন আর্থিক নীতির আলোয় যাচাই করে দেখার সময় এসে গিয়েছে।

*

সরকারি ক্ষেত্রের গঙ্গাযাত্রা অর্থনীতির মঙ্গল ?

দেবব্রত দত্ত

স্বাধীনতার পর ভারতের জাতীয় সরকার উন্নয়নের দিশা প্রণয়নে উদ্যোগী হয়। তৎকালীন প্রধানমন্ত্রী জওহরলাল নেহরু এই নীতি নির্ধারণের জন্য পৃথিবীর বিখ্যাত মানুষদের পরামর্শ গ্রহণ করেছিলেন। সেই বিশ্ববিশ্রুত পণ্ডিতদের মধ্যে যেমন বাজার অর্থনীতিতে বিশ্বাসী নোবেলজয়ী অর্থনীতিবিদ ফ্রিডম্যান ছিলেন, তেমনই ছিলেন সমাজবাদে বিশ্বাসী কালজয়ী পোলিশ অর্থনীতিবিদ অস্কার ল্যাঙ্গে। এই সময় ভারতে এসেছিলেন অর্থনীতিতে প্রথম নোবেলজয়ী অর্থনীতিবিদদ্বয় ফ্রিস এবং টিনবারজেন, কৃষিতে নোবেলজয়ী বিজ্ঞানী বোরলগ এবং বিখ্যাত বিজ্ঞানী হ্যালডেন। পরমাণু কেন্দ্র প্রতিষ্ঠায় পরামর্শ দিয়েছিলেন নোবেলজয়ী এবং পরমাণু বোমার অন্যতম আবিষ্কারক বিজ্ঞানী ওপেনহাইমার। হ্যারোড-ডোমার, ফেল্ডম্যান-মহলানবীশ, চক্রবর্তী, মানী-রুদ্র ইত্যাদি বিখ্যাত অর্থনীতিবিদদের মডেলের উপর নির্ভর করে ভারতে বিভিন্ন অর্থনৈতিক পরিকল্পনা তৈরি হয়, যার মূল যুক্তি ছিল সরকারি উদ্যোগে শিল্পস্থাপন। এই নীতিকে অবলম্বন করে নেহরুর নেতৃত্বে এক বিশাল কর্মকাণ্ড শুরু হয়, কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের মালিকানায় ৪০০-র উপর রাষ্ট্রীয় সংস্থা গঠন করা হয়। সরকারি শিল্প প্রতিষ্ঠানকে কেন্দ্র করে চিত্তরঞ্জন, দুর্গাপুর, ভিলাই, রউরকেল্লা, সালেম, বারাউনি, সিন্ধ্রি, বোকারো-র মতো বড় বড় শহর গড়ে ওঠে।

সরকারি ক্ষেত্র প্রতিষ্ঠার পিছনে অত্যন্ত শক্তিশালী যুক্তি ছিল। স্বাধীনতার পর ভারতে সেরকম কোনও ব্যক্তি-উদ্যোগপতি ছিল না, যারা শিল্প বিকাশের দায়িত্ব গ্রহণ করতে পারে। দ্বিতীয়ত, ব্যক্তিগত উন্নয়নের উপর নির্ভর করলে দেশে অসম বিকাশ হত। মনে রাখতে হবে, সেই সময় শুধু ভারতে নয়, বিশ্বের অনেক দেশেই সরকারি উদ্যোগনির্ভর উন্নয়নের মডেল গ্রহণ করা হয়।

১৯৮০-র দশক থেকে অর্থনীতির ক্ষেত্রে সরকার বিরোধী এবং কর্পোরেট আশ্রয়ী এক অর্থনৈতিক দর্শন চালু হয়। ১৯৭০-এর খনিজ তেল সংকটের পর থেকে মার্কিন যুক্তরাষ্ট্রের কর্পোরেট ক্ষেত্র নিজেদের মুনাফা বজায় রাখার ক্ষেত্রে সন্দিহান হয়ে পড়ে। এই পরিপ্রেক্ষিতে যে-অর্থনৈতিক দর্শন চালু হয়, তার মূল ভাব ছিল সরকারের কর্পোরেট ক্ষেত্রের পাশে দাঁড়ানো এবং শ্রমিকের ক্ষমতা খর্ব করা, যাতে সামগ্রিক ভাবে কর্পোরেট ক্ষেত্রের মুনাফাবৃদ্ধি নিশ্চিত হয়। এই দর্শন সোভিয়েত রাশিয়ার পতনের পর আরও শক্তিশালী হয়।

ভারতেও ১৯৮০-র পর থেকে সরকারি ক্ষেত্রের গুরুত্ব কমতে থাকে। ১৯৯১-এর অর্থনৈতিক সংস্কার নেহরু-মহলানবীশ অর্থনৈতিক দর্শনের আমূল পরিবর্তন ঘটায় এবং বেসরকারি ক্ষেত্রনির্ভর উন্নয়নের মডেল চালু হয়। ১৯৯০-এর দশকে কম্পিউটার প্রযুক্তির বিকাশের বিপুল অনুকূল প্রভাব বিশ্ব-অর্থনীতিতে পড়ে— মূল্যবৃদ্ধির হার কমে, উন্নয়ন হার বাড়ে। কম্পিউটার প্রযুক্তি ভারতেও সুদিন আনে, বহু বিদেশি কাজ ভারতে কম খরচে করা সম্ভব হওয়ায় সেই সব কাজ ভারতে আসতে শুরু করে। তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে অনেকে চাকরি পায়। প্রযুক্তি ক্ষেত্রে প্রগতিই এই সাফল্যের মূল কারণ ছিল, যদিও বেসরকারিকরণকেই এই সাফল্যের কারণ হিসাবে প্রতিষ্ঠা করা হয়। এই 'সাফল্যে'র ভিত্তিতে বেসরকারি উদ্যোগপতিরা সরকারের থেকে নানা ধরনের সুযোগ দাবি করে, যার মধ্যে উল্লেখযোগ্য সরকারি ব্যাঙ্ক থেকে সহজ সুদে ঋণ। সর্বত্র বেসরকারি ক্ষেত্রের ডঙ্কা বাজানো হয়, কিন্তু বাস্তবে বহু বেসরকারি ক্ষেত্র লালবাতি জ্বালে এবং বিপুল পরিমাণ ব্যাঙ্কঋণ অনাদায়ী হয়ে পড়ে। কিন্তু যেহেতু এই ব্যবস্থায় দেশকে সামগ্রিক উন্নয়নের জন্য বেসরকারি উদ্যোগপতিদের উপরই নির্ভর করতে হয়, তাই সরকারকে বেসরকারি উদ্যোগপতিদের তোষণের ধারা বজায় রাখতে হয়। বাস্তবে বেসরকারি ক্ষেত্র আহামরি কোনও ফল দেখায় না। সম্প্রতি এয়ার ইন্ডিয়ায় লাভ না হওয়ায় সরকার এই সংস্থা টাটাকে বিক্রি করার সিদ্ধান্ত নিয়েছে, কিন্তু দেশের বিমান ক্ষেত্র বেসরকারি ক্ষেত্রের জন্য উন্মুক্ত করার পর অন্তত সাতটি বেসরকারি বিমান সংস্থা বন্ধ হয়েছে, যার মধ্যে উল্লেখযোগ্য কিংফিশার এবং জেট এয়ারওয়েজ। আরও কিছু বন্ধ হয়ে যাওয়া উল্লেখযোগ্য বেসরকারি ক্ষেত্রের নাম ভূষণ স্টিল, ভিডিওকন, এয়ারসেল, টাটা টেলিকম, সাহারা, রিলায়েন্স টেলিকম, এস কুমার ইত্যাদি। ২০১৯ সালের হিসাব অনুযায়ী ভারতে ৬,৮০,০০০ বেসরকারি কোম্পানি বন্ধ হয়েছে।

সরকারি পরিচালনায় অদক্ষতা বর্তমান সরকারকে আর্থিক সংকটের মুখে দাঁড় করিয়েছে। এই অবস্থায় কেন্দ্রীয় সরকার রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রকে বেসরকারি হাতে তুলে দিয়ে অর্থ সংগ্রহে নেমেছে, যার অনেকটাই আবার কর্পোরেট ক্ষেত্রকেই ফিরিয়ে দেওয়া হবে। সরাসরি বেসরকারিকরণের পাশাপাশি সরকার রাষ্ট্রীয় মালিকানাধীন জমিসহ বহু সম্পদ লিজ মারফত বেসরকারি হাতে তুলে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে, যা প্রকৃতপক্ষে সরকারি সম্পদ হারানোরই সামিল। এই সব সম্পদ ব্রিটিশ সরকারের সময় থেকে রাষ্ট্রের হাতে রয়েছে, যাতে ভবিষ্যতে সেগুলি উন্নয়নের কাজে লাগে।

আজ একটি সরকার সাময়িক সময়ের জন্য ক্ষমতায় এসে এই সম্পদের হস্তান্তরের সিদ্ধান্ত নিচ্ছে, যা আইনগত ভাবে না হলেও নীতিগত ভাবে অনুচিত।

গত সাত বছরে সরকারি ব্যাঙ্কগুলিকে বেসরকারি ক্ষেত্রের ৮ লক্ষ কোটি টাকা ঋণ মকুব করতে হয়েছে। এই ঋণের বেশির ভাগটারই গ্রহীতা বেসরকারি ক্ষেত্র। এই অভিজ্ঞতার পরও আশা করা হচ্ছে যে, সরকারি ক্ষেত্রের বেসরকারিকরণ করলে সরকারি সংস্থাগুলি দারুণ ভাবে চলবে। ২০২১-২২ অর্থবর্ষের বাজেটে সরকারি ক্ষেত্র বেসরকারিকরণের মাধ্যমে ১ লক্ষ ৭৫ হাজার কোটি টাকা সংগ্রহের লক্ষ্যমাত্রা রাখা হয়েছে। সরকার চারটি গুরুত্বপূর্ণ ক্ষেত্র— পরমাণু ও প্রতিরক্ষা, পরিবহণ ও দূরসঞ্চার, বিদ্যুৎ ও পেট্রোলিয়াম, ব্যাঙ্কিং ও বিমা এবং ৩১টি সরকারি সংস্থাকে বেসরকারিকরণের জন্য চিহ্নিত করেছে। অর্থ বিলে ভারতীয় জীবনবিমা নিগমের শেয়ার বিক্রির জন্য প্রয়োজনীয় সংশোধন করা হয়েছে, যদিও এই নিগম সরকারকে বরাবরই প্রচুর মুনাফা দেয়।

বেসরকারিকরণের পাশাপাশি সরকার গত অগস্টে ৬ লক্ষ কোটি টাকা সংগ্রহের লক্ষ্যে জমি, গোডাউন, তেলের পাইপলাইন, রেলওয়ে প্ল্যাটফর্ম ইত্যাদির মতো রাষ্ট্রীয় সম্পদ ২৫ বছরের জন্য লিজে দেওয়ার পরিকল্পনা করেছে। এই লিজের ফলে সরকার অনেক কম অর্থ সংগ্রহ করবে, কারণ মালিকানা হস্তান্তর হচ্ছে না। কিন্তু এই সম্পদ পুনরুদ্ধার হওয়ারও আশা কম, কারণ লিজ-মালিক সম্পদ উন্নয়নে অনেক টাকা খরচ করেছে বলে দাবি করবে এবং দখল ছাড়তে চাইবে না। দ্বিতীয়ত, এই টাকা হয়তো লিজগ্রহিতা রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক থেকে ঋণের মাধ্যমে সংগ্রহ করবে— যা শেষ পর্যন্ত শোধ নাও হতে পারে। সে টাকার দায়ভার হয়তো শেষ পর্যন্ত সরকারকেই নিতে হবে। একদা বিত্তশালী পরিবার যেমন বহু দিনের সঞ্চিত সোনা বিক্রি করে, বর্তমান সরকার সেই নীতিকেই অনুসরণ করছে। যুক্তি, এর ফলে অর্থনীতির দক্ষতা বাড়বে।

কিন্তু আই আই এম, কলকাতার অধ্যাপক সুশীল খান্না এবং শিল্পনীতি মন্ত্রকের প্রাক্তন সচিব অজয় শঙ্কর একটি লেখায় দেখিয়েছেন, বেসরকারিকরণ নীতি ভারতীয় অর্থনীতির সার্বভৌমত্বকে খর্ব করছে এবং ভারতের উচিত রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রকে দুর্বল না করে শক্তিশালী করা। তাঁরা দেখিয়েছেন, চিনের এক লক্ষাধিক সরকারি সংস্থা কী ভাবে চিনের অর্থনীতিকে সবল করেছে। 'ফরচুন' পত্রিকা পৃথিবীর সবচেয়ে বড় ৫০০টি সংস্থার যে-তালিকা প্রকাশ করে তাতে ১৩৪টি সংস্থাই সরকারি। সরকারি সংস্থা মানেই দুর্বল সংস্থা নয়। চিনের অনেক সরকারি সংস্থা ইউরোপ, আমেরিকার বিভিন্ন সংস্থাকে অধিগ্রহণ করেছে। তুলনায় ভারতের বহির্বাণিজ্যে নিজস্ব জাহাজের ব্যবহার ক্রমশ কমছে, কারণ জাহাজ পরিবহণে রাষ্ট্রায়ত্ত কোম্পানির ভূমিকা কমেছে। এভাবে প্রতিরক্ষা ক্ষেত্রে সরকারি সংস্থাকে দুর্বল করলে দেশের নিরাপত্তাও বিঘ্নিত হতে পারে।

সুতরাং, অর্থনীতিতে উন্নয়নের স্বার্থে সরকারি ক্ষেত্রের ভূমিকা অনস্বীকার্য— বিশেষ করে দেশে যখন একটি বৃহৎ রাষ্ট্রায়ত্ত ক্ষেত্র ইতিমধ্যেই প্রতিষ্ঠিত। বেসরকারিকরণের বদলে রাষ্ট্রায়ত্ত কোম্পানিগুলিকে কী ভাবে সবল করা যায়, সে বিষয়ে ভাবনা আবশ্যক। সেই ব্যবস্থা না করে সামূহিক বেসরকারিকরণের পথে যাওয়া স্যাঙাততন্ত্রের ইঙ্গিত দেয়।

লেখক গাজিয়াবাদের আই এম টি-র প্রফেসর

*

বাংলা ব্যাকরণ

প্রতিযোগিতামূলক পরীক্ষায়, বিশেষত স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় প্রয়োজনীয় ব্যাকরণাংশ নিয়ে আলোচনা করছেন যাদবপুর বিদ্যাপীঠের প্রাক্তন শিক্ষক **শিশিরকুমার আচার্য।**

▶ **√ঈশ্-এর অর্থ ব্যাপ্ত হওয়া। ধাতুর রূপ: ঈষ্টে, ঈশাতে, ঈশতে ইত্যাদি।**

● √ঈশ্ + ত = ঈষ্ট (ব্যাপ্ত)।
√ঈশ্ + ক (অ) = ঈশ (প্রভু, শক্ত, সমর্থ)।
√ঈশ্ + তি = ঈষ্টি (ব্যাপ্তি)।
√ঈশ্ + আন (চানশ্) = ঈশান (ঈশ্বর/ঐশ্বর্যবান্)।
√ঈশ্ + অনট্ = ঈশন (ব্যাপ্তি)।
√ঈশ্ + তৃচ্ > ঈশিতৃ > ঈশিতা (ঈশ্বর/স্বামী/অধিপতি)।
√ঈশ্ + ইন্ (ণিনি) = ঈশিন্ > ঈশী (ঈশ্বর)।
√ঈশ্ + বরচ্ = ঈশ্বর (সর্বব্যাপ্ত সত্তা)।
√ঈশ্ + তব্য = ঈশিতব্য
√ঈশ্ + অনীয় = ঈশনীয়
√ঈশ্ + যৎ = ঈশ্য
√ঈশ্ + ণ্যৎ = ঐশ্য
(উপরের চারটি) ব্যাপ্ত হওয়ার যোগ্য

● প্র-√ঈশ্ + ত (ক্ত) = প্রেষ্ট (প্রকৃষ্টরূপে ব্যাপ্ত)।
প্র-√ঈশ্ + তি (ক্তিন্) = প্রেষ্টি (প্রকৃষ্টরূপে) ব্যাপ্তি।
প্র-√ঈশ্ + অনট্ = প্রেশন (প্রকৃষ্টরূপ ব্যাপ্তি)।
প্র-√ঈশ্ + তব্য = প্রেশিতব্য (প্রকৃষ্টরূপে ব্যাপ্ত হওয়ার যোগ্য)।
প্র-√ঈশ্ + যৎ = প্রেশ্য (প্রকৃষ্টরূপে ব্যাপ্ত হওয়ার যোগ্য)।
অধি-√ঈশ্ + তি = অধীষ্টি (ঊর্ধ্বদিকে ব্যাপ্তি)
অধি-√ঈশ্ + অনট্ = অধীশন (ঊর্ধ্বদিকে ব্যাপ্তি)।
সম্-√ঈশ্ + ক্ত = সমীষ্ট (সম্যক্/পরিপূর্ণরূপে ব্যাপ্ত)।
সম্-√ঈশ্ + তি = সমীষ্টি (সম্যক্/পরিপূর্ণ ব্যাপ্তি)।
সম্√ঈশ্ + অনট্ = সমীশন (সম্পূর্ণ ব্যাপ্তি)।
সম্√ঈশ্ + তব্য = সমীশিতব্য (সম্যক্/পরিপূর্ণভাবে ব্যাপ্ত হওয়ার যোগ্য)।
সম্√ঈশ্ + যৎ = সমীশ্য (সম্যক্/পরিপূর্ণভাবে ব্যাপ্ত হওয়ার যোগ্য)।
নিঃ√ঈশ্ + ক্ত = নিরীষ্ট (ব্যাপ্তিহীন)।
নিঃ-√ঈশ্ + তি = নিরীষ্টি (ব্যাপ্তিহীনতা)
নিঃ-√ঈশ্ + তব্য = নিরীশিতব্য (সম্যক্ ব্যাপ্ত হওয়ার যোগ্য নয়)।
নিঃ-√ঈশ্ + যৎ = নিরীশ্য (সম্যক্ ব্যাপ্ত হওয়ার যোগ্য)।
নিঃ-√ঈশ্ + ইন্ = নিরীশিন্ > নিরীশী (প্রভুহীন)।
নিঃ-√ঈশ্ + অনট্ = নিরীশন (অব্যাপ্তি)।
নি-√ঈশ্ + ত = নীষ্ট (নিঃশেষে ব্যাপ্ত)।
নি-√ঈশ্ + যৎ = নীশ্য (নিঃশেষে ব্যাপ্ত হওয়ার যোগ্য)।
অনু-√ঈশ্ + ত = অন্বীষ্ট (পরে ব্যাপ্ত/ব্যাপ্তির পরে)।
সু-√ঈশ্ + ত = স্বীষ্ট (সম্পূর্ণ ব্যাপ্ত)।
সু-√ঈশ্ + তব্য = স্বীশিতব্য (সম্পূর্ণ বা সুন্দরভাবে ব্যাপ্ত হওয়ার যোগ্য)।
সু-√ঈশ্ + তি = স্বীষ্টি (সম্পূর্ণ ব্যাপ্তি)।
দুঃ-√ঈশ্ + অনট্ = দুরীশন (খারাপ ব্যাপ্তি)।
দুঃ-√ঈশ্ + ত = দুরীষ্ট (খারাপভাব ব্যাপ্ত/এলোমেলো ছড়ানো)।
দুঃ-√ঈশ্ + তি = দুরীষ্টি (এলোমেলোভাবে ব্যাপ্তি)।
উদ্√ঈশ্ + ত = উদীষ্ট (ঊর্ধ্বদিকে ব্যাপ্ত)।
উদ্-√ঈশ্ + অনট্ = উদীশন (ঊর্ধ্বদিকে ব্যাপ্তি)।
উদ্-√ঈশ্ + তি = উদীষ্টি (ঊর্ধ্বদিকে ব্যাপ্তি)।
উদ্√ঈশ্ + তব্য = উদীশিতব্য (ঊর্ধ্বদিকে ব্যাপ্ত হওয়ার যোগ্য)।
অতি-√ঈশ্ + ত = অতীষ্ট (অতিশয় ব্যাপ্ত)।
অতি-√ঈশ্ + অনট্ = অতীশন (অতিব্যাপ্তি)।
অতি√ঈশ্ + তব্য = অতীশিতব্য (অতিশয় ব্যাপ্ত হওয়ার যোগ্য)।
অপ-√ঈশ্ + ত = অপেষ্ট (খারাপভাবে ব্যাপ্ত)।
অপ-√ঈশ্ + তি = অপেষ্টি (খারাপ ব্যাপ্তি)।
অপ√ঈশ্ + অনট্ = অপেশন (দুর্ব্যাপ্তি)।
প্রতি-√ঈশ্ + ত = প্রতীষ্ট (ব্যাপ্তির দিকে)।
উপ-√ঈশ্ + ত = উপেষ্ট (ব্যাপ্তির কাছাকাছি)।
উপ√ঈশ্ + তব্য = উপেশিতব্য (ব্যাপ্তির কাছাকাছি যাওয়ার যোগ্য)।
অধি-√ঈশ্ + ত = অধীষ্ট (উপরের দিকে ব্যাপ্ত)।
অধি√ঈশ্ + অনট্ = অধীশন (ঊর্ধ্বব্যাপ্তি)।
অধি√ঈশ্ + তব্য = অধীশিতব্য (উপরের দিকে ব্যাপ্ত হওয়ার যোগ্য)।
পরি-√ঈশ্ + ত = পরীষ্ট (চতুর্দিকে ব্যাপ্ত)।
পরি-√ঈশ্ + তি = পরীষ্টি (চতুর্দিকে ব্যাপ্তি)।
পরি-√ঈশ্ + অনট্ = পরীশন (চারদিকে ব্যাপ্তি) ইত্যাদি।
● ঈশিন্ + তা (তল্ + আ) = ঈশিতা (প্রভুত্ব/ঈশ্বরত্ব)।
ঐশ্য + তা = ঐশ্যতা (ব্যাপ্ত হওয়ার যোগ্যতা)।
ঈশ্য + তা = ঈশ্যতা (ব্যাপ্ত হওয়ার যোগ্যতা)।
ঈশনীয় + তা = ঈশনীয়তা (ব্যাপ্ত হওয়ার যোগ্যতা)।
ঈশিতব্য + তা = ঈশিতব্যতা (ব্যাপ্ত হওয়ার যোগ্যতা)।
ঈশন + ময়ট্ = ঈশনময় (ব্যাপ্তিময়)।
ঈশন + ষ্ণ = ঐশন (ব্যাপ্তি সম্বন্ধীয়)।
ঈষ্টি + ময়ট্ = ঈষ্টিময় (ব্যাপ্তিময়)।
